শিক্ষার দুয়ার খোলা

সাক্ষরতা একটি পারিবারিক বিষয়

NEW VISIONS
FOR PUBLIC SCHOOLS

এই প্রকাশনা যেসব সংগঠনের উদার সহায়তায় সম্ভব হয়েছে
নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অব এডুকেশন, র‍্যানডম হাউস ইন্‌ক্ এবং অ্যাস্টর সেন্টার ফর পাবলিক লাইব্রেরিজ অ্যাট নিউ ভিশন্স ফর পাবলিক স্কুল্‌স্

RANDOM HOUSE
BERTELSMANN

NYC
Department of Education

বিষয়সূচি

২ **সাক্ষরতা কী?**

আমি কীভাবে সাক্ষরতাকে আমাদের পারিবারিক জীবনের অংশ হিশেবে নিতে পারি?

৩ **আমার সন্তানের কী কী সাক্ষরতা দক্ষতা প্রয়োজন এবং আমি কীভাবে তাকে তা বৃদ্ধিতে সহায়তা করতে পারি?**

- জন্ম থেকে প্রি-কিন্ডারগার্টেন
- কিন্ডারগার্টেন
- গ্রেড ১-২
- গ্রেড ৩-৫
- গ্রেড ৬-৮
- গ্রেড ৯-১২

১৪ **আমার সন্তানের লেখাপড়ায় সাহায্য করার জন্য কী পরামর্শ আমার জন্য সহায়ক হতে পারে?**

- কীভাবে আপনি আপনার রিডিংয়ে পিছিয়ে পড়া শিক্ষার্থীকে সহায়তা দিতে পারেন?
- সাক্ষরতা ও প্রযুক্তি

১৫ **তথ্য-উপকরণ**

- পারিবারিক সাক্ষরতায় কম্যুনিটির সহায়তা

প্রিয় পিতামাতা ও পরিবারের তত্ত্বাবধানকারী

সাক্ষরতা শুধু স্কুলেই শেখানো হয় না; সবখানেই তা শেখা যায়। শিক্ষার্থীরা সাবওয়েতে এবং সিরিয়ালের বক্সে লেখা বিজ্ঞাপন থেকে শুরু করে তাদের বাড়ির ভাষায় পারিবারিক গল্প এবং ইন্টারনেটে অনুসন্ধানের মধ্য দিয়ে শিক্ষা লাভ করতে পারে।

সাক্ষরতা সব সময়ই গুরুত্বপূর্ণ, এবং আজকের জ্ঞানভিত্তিক বিশ্ব অর্থনীতির যুগে তা আরও বেশি সত্য।

পিতামাতা হিশেবে আপনার সন্তানের সাক্ষরতায় আপনি তাদেরকে বিশ্লেষণী চিন্তাবিদদের মত করে এবং তথ্যের তীক্ষ্ণ বিচক্ষণ ব্যবহারকারী হিশেবে গড়ে তুলতে সহায়তা দিয়ে একটি শক্তিশালী প্রভাব রাখতে পারেন।

এই নির্দেশিকা সাক্ষরতাকে আপনাদের পারিবারিক জীবনের অংশ হিশেবে নেয়ার লক্ষ্যেই তৈরি হয়েছে যাতে আপনি আপনার সন্তানের সাক্ষরতার দক্ষতা, সে যেদিন থেকে তার প্রথম শব্দটি উচ্চারণ করতে শিখেছে, তখন থেকে শুরু করে তার হাই স্কুল গ্র্যাজুয়েশনের দিন পর্যন্ত বৃদ্ধিতে সহায়তা করতে পারেন। আপনার সন্তান স্কুলে কখন কী শিখতে যাচ্ছে তা বুঝতে এবং কীভাবে তাকে সাক্ষরতা শিক্ষণে সহায়তা করা যায় জানতে এই নির্দেশিকা আপনাদেরকে ধারণা দেবে।

নিউ ইয়র্ক সিটির শিক্ষার্থীদের সাক্ষরতা শিক্ষণে সহায়তা এবং তা বৃদ্ধির জন্য আমরা আপনাদের সাথে কাজ করার প্রত্যাশায় আছি।

আপনাদের বিশ্বস্ত

জোয়েল আই ক্লাইন
চ্যান্সেলর
নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অব এডুকেশন

রবার্ট হিউস
সভাপতি
নিউ ভিশন ফর পাবলিক স্কুলস্

ড. মার্সিয়া ভি লাইলিস
ডেপুটি ভাইস চ্যান্সেলর ফর টিচিং অ্যান্ড লার্নিং
নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অব এডুকেশন

সাক্ষরতা

আমাদের কিশোর-কিশোরীদের ভবিষ্যতের দুয়ার খুলে দেয়ার চাবিকাঠি।

শক্তিশালী সাক্ষরতা দক্ষতা নিয়ে আমাদের কিশোর-কিশোরীরা স্কুলে সফল হতে প্রস্তুত থাকবে, নিজেদের আগ্রহ বাড়িয়ে তুলবে, কলেজ গ্র্যাজুয়েট হয়ে ভালো চাকরি পাবে।

পিতামাতা এবং পরিচর্যাকারীদেরকে তাদের সন্তানদের জীবনে সাক্ষরতাকে শক্তিশালী করার লক্ষ্যে সহায়তা দেয়ার জন্য শিক্ষাবিদ এবং লাইব্রেরিয়ানদের সহায়তায় এই পারিবারিক সাক্ষরতা নির্দেশিকা তৈরি হয়েছে।

এই নির্দেশিকায় আপনারা পাবেন:

- *শিক্ষার্থীরা কীভাবে পড়ায় দক্ষতা বৃদ্ধি করে*
- *স্কুলে আপনাদের সন্তান কী অভিজ্ঞতা লাভ করবে*
- *সঠিকভাবে ভাষা ব্যবহার শিক্ষায় তাদেরকে আপনি কীভাবে বাড়িতে সহায়তা করতে পারেন।*

আমরা প্রত্যেক গ্রেডের জন্য শিক্ষক এবং লাইব্রেরিয়ান কর্তৃক নির্বাচিত বইয়ের একটি সংক্ষিপ্ত তালিকা অন্তর্ভুক্ত করেছি যা নিউ ইয়র্ক সিটির স্কুল এবং লাইব্রেরিতে লভ্য চমৎকার উপভোগ্য সংগ্রহের ধারণা দেবে। আমরা আশা করছি এই বইগুলো পড়ে আপনার পরিবার সাক্ষরতা কর্মকাণ্ডে ঘণ্টার পর ঘণ্টা আনন্দদায়ক সময় কাটাতে পারবে।

এই পুস্তিকাটি আমাদের সকল কিশোর-কিশোরীর পাঠদক্ষতা বৃদ্ধির উদ্দেশে তৈরি যা অংশগ্রহণকে আরও জোরদার করে। অনুগ্রহ করে এখন এটি পড়ুন এবং ভবিষ্যৎ প্রয়োজনের তথ্যসূত্র হিশেবে সংগ্রহে রাখুন।

পিতামাতা অথবা পরিচর্যাকারী হিশেবে আপনি আপনার সন্তানের শিক্ষায় একটি গুরুত্বপূর্ণ অংশ। সবচেয়ে ভালোভাবে আপনার সন্তানের জীবনের পথে এগিয়ে যাওয়ায় আমাদেরকে সাহায্য করার সুযোগ দেয়ার জন্য আপনাকে ধন্যবাদ। ■

A PUBLICATION OF NEW VISIONS FOR PUBLIC SCHOOLS

সহযোগিতায়

NYC Department of Education

The New York Public Library
www.nypl.org

Brooklyn Public Library

Queens Library

সাক্ষরতা বলতে কী বোঝায়?

সাক্ষরতা বলতে অন্যের সাথে ভাব আদান-প্রদানে শোনা, দেখা, বলা, পড়া, লেখা এবং উপস্থাপন করার ক্ষমতাকে ব্যবহার করে নতুন ধারণাগ্রহণ, তথ্য বিনিময়, সিদ্ধান্তগ্রহণ এবং চিন্তা এবং অনুভূতি প্রকাশের যোগ্যতা বোঝায়।

কিশোর-কিশোরীরা সময়ের সাথে সাথে নিজেদের সাক্ষরতা দক্ষতা বাড়িয়ে তোলে:

সন্তান যদি নিচের বিষয়গুলোতে দক্ষতা অর্জন করে

- নতুন তথ্য শেখার যোগ্যতা এবং
- অন্যের সাথে সফল যোগাযোগের ক্ষমতা

তাহলে তার সারা জীবনের জন্য অর্থনৈতিক এবং সামাজিক সুযোগের অনেক দুয়ার খুলে যাবে।

সেগুলো শুরু হয়...		পর্যন্ত
ধ্বনির যে অর্থ আছে, তা জানতে পারা	শোনা	তারা যা শুনছে তা বোঝা।
আধো আধো উচ্চারণ করা এবং শব্দ অনুকরণ করা	কথা বলা	চিন্তা ব্যক্ত করা এবং অন্যকে প্রভাবিত করা।
বর্ণ এবং শব্দ শনাক্ত করতে শেখা	পড়া	লিখিত তথ্য খুঁজে বের করা এবং বোঝা।
পেন্সিল ধরতে শেখা	লেখা	ব্যক্তিগত অনুভূতি প্রকাশ এবং প্রয়োজনে লেখা।

সাক্ষরতা দক্ষতা কীভাবে বৃদ্ধি পায়?

প্রত্যেক শিক্ষার্থী অনন্য। প্রতিটি শিশু তার নিজস্ব শক্তিশালী দিক ও আগ্রহের মিশ্রণে তৈরি। কারো কারো জন্য কিছু শিক্ষণ পদ্ধতি অন্যদের চাইতে ভালো কাজ করে। বহু কিশোর-কিশোরীর সাক্ষরতার জন্য প্রযুক্তি ক্রমবর্ধমানভাবে একটি মাধ্যম হিশেবে কাজ করছে।

আপনি আপনার সন্তানকে অন্য সবার চাইতে ভালো জানেন। আপনি তার শক্তিশালী দিকগুলো এবং আগ্রহের বিষয়সসমূহ শনাক্ত করতে পারেন এবং সেই জ্ঞান দিয়ে বাড়িতে এবং স্কুলে তার শিক্ষক এবং অন্যদের সাথে আরেকটি অংশীদারিত্ব গড়ার মাধ্যমে তার সাক্ষরতা দক্ষতা বৃদ্ধিতে সহায়ত ভূমিকা রাখতে পারেন।

প্রতিটি শিক্ষার্থী তার নিজের ধারায় গড়ে ওঠে। একটি শিশু দ্রুত পড়তে শিখতে পারে, আবার অন্যটি হয়তো দু-এক বছর দেরিতে পড়তে শেখে। আপনার সন্তানকে বাড়িতে অনেক সুযোগের মধ্যে রেখে যেমন শুনে, ছবি দেখে, কথা বলে, পড়ে, লিখে এবং ছবি অথবা দৃশ্যমান কোন জিনিস তৈরি করে, আপনি শিক্ষার দুয়ার খুলে দিতে এবং সাক্ষরতাকে একটি পারিবারিক বিষয়ে পরিণত করতে পারেন। ■

নিউ ভিশন্স ফর পাবলিক স্কুল নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অব এডুকেশনের ডিভিশন অব টিচিং অ্যান্ড লার্নিং এবং নিউ ইয়র্ক সিটি পাবলিক লাইব্রেরিগুলোকে এই নির্দেশিকা তৈরিতে তাদের অর্থপূর্ণ অবদানের জন্য ধন্যবাদ জানায়। তাদের এই সংশ্লিষ্টতা এনওয়াইসি ডিপার্টমেন্ট অব এডুকেশন-এর মূল পাঠ্যসূচি এবং ডিপার্টমেন্ট অব এডুকেশন কর্তৃক প্রকাশিত অন্য তথ্য-উপকরণগুলোর সাথে বৃহত্তর সমন্বয় এনেছে। আমরা বিশেষভাবে যাদের কাছে কৃতজ্ঞ:

নিউ ভিশন্স ফর পাবলিক স্কুলস্
রিজা কন
এমি হোডো
ক্যাথরিন ইনিস
ক্যারি ওর্ডওয়ে
লিন্ডা উইলিয়াম্‌স্-বাওয়ি

নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অব এডুকেশন
ড. মার্সিয়া ভি. লাইলেস
ড. সাবরিনা হোপ কিং
অ্যানা কমিট্যান্টে
বারবার স্ট্রিপলিং, মূল লেখক

কুইন্স লাইব্রেরি
চিল্ড্রেন্স অ্যান্ড ইয়াং অ্যাডাল্ট লাইব্রেরিয়ান্স

ব্রুকলিন পাবলিক লাইব্রেরি
চিল্ড্রেন্স অ্যান্ড ইয়াং অ্যাডাল্ট লাইব্রেরিয়ান্স

নিউ ইয়র্ক লাইব্রেরি
চিল্ড্রেন্স অ্যান্ড ইয়াং অ্যাডাল্ট লাইব্রেরিয়ান্স

ডিজাইন করেছেন জেসন মাজা এবং মেগান রডজিক

আমি সাক্ষরতাকে কীভাবে আমাদের পারিবারিক জীবনের অংশে পরিণত করতে পারি?

কতগুলো সাধারণ কাজ যা আপনি করতে পারেন:

কথা বলুন আপনার সন্তান যে বিষয়গুলোতে উৎসাহী, সে বিষয়গুলো নিয়ে তার সাথে কথা বলুন।

প্রশ্ন করুন যেসব বিষয় আপনার সন্তানকে পর্যবেক্ষণ করতে ও শিখতে আগ্রহী করে, যে প্রশ্নগুলো তাকে শুধু হ্যাঁ-না করে নয় বরং বাক্য তৈরি করে কথা বলতে আগ্রহী করে, সেসব প্রশ্ন করুন। কথা বলা ও শোনার অনুশীলনে লেখার দক্ষতা বৃদ্ধি পায়।

শুনুন তার প্রশ্ন শুনুন এবং সেগুলোর উত্তর পেতে তাকে সহায়তা করুন। আপনার সন্তানকে নিজে নিজে বই এবং কম্পিউটার ব্যবহার করে তথ্য বের করতে শেখান।

কথা বলুন আপনার সন্তানের সঙ্গে বিভিন্ন ধরনের শব্দ ব্যবহার করে প্রচুর কথা বলুন। যেসব শব্দ সে বোঝে না, সেগুলো নিয়ে তার সাথে কথা বলুন। তাতে তার শব্দ সচেতনতা বাড়বে এবং শব্দভাণ্ডার বৃদ্ধি পাবে।

সমৃদ্ধ করুন আপনার সন্তানকে চিড়িয়াখানা, লাইব্রেরি, যাদুঘর, নানা খেলাধুলা এবং সাংস্কৃতিক অনুষ্ঠানে নিয়ে তার পরিবেশকে সমৃদ্ধ করুন। তার সাথে সেই অনুষ্ঠানগুলোর অভিজ্ঞতা নিয়ে মতবিনিময় করুন।

তাকে নিয়ে লাইব্রেরি, বইয়ের দোকান, বইমেলা এবং কম্যুনিটি সেন্টারে গিয়ে তার প্রিয় লেখকদের কথা শুনুন।

পড়ুন আপনার সন্তানের সাথে নিয়মিত পড়ুন! আপনি যদি একটি নবজাত শিশুকে প্রতিদিন ১০ মিনিট করে গল্প পড়ে শোনান, তাহলে সে শিশুটি স্কুলে প্রবেশের সময় পর্যন্ত ৩০০০ ঘণ্টা গল্প শুনে থাকবে। এমনকি শিক্ষার্থীরা যখন নিজে নিজে পড়তে পারে, তখনও যদি তাকে পড়ে শোনানো হয়, তাহলে সে পড়াকে দৈনন্দিন জীবনের গুরুত্বপূর্ণ অংশ হিশেবে গ্রহণ করে এবং তা তার সাক্ষরতা দক্ষতায় বিরাট অবদান রাখে।

দেখান ভাষা ব্যবহার করে কীভাবে কাজ করতে হয় তা আপনার সন্তানকে দেখান। যেমন, তাকে কীভাবে মেন্যু পড়তে হয়, কীভাবে ভালো ওয়েবসাইট খুঁজতে হয়, ধন্যবাদ জানিয়ে চিঠি লিখতে হয় অথবা কোন আগ্রহের বিষয়ে অথবা চলমান ঘটনা সম্পর্কে মতামত উপস্থাপন করতে হয় তা দেখান।

সংশ্লিষ্ট হোন যখনই আমন্ত্রণ জানানো হয়, আপনার সন্তানের ক্লাসরুমে সংশ্লিষ্ট হোন। আপনি যখন তাদের সাথে আপনার গল্প, সাংস্কৃতিক প্রেক্ষাপট এবং তথ্য জানাবেন, তখন সকল শিক্ষার্থী তা থেকে সমৃদ্ধ হয় এবং আপনার সন্তান দেখে যে আপনি তার শিক্ষাকে মূল্য দিচ্ছেন।

উৎসাহিত করুন আপনার সন্তানকে বিভিন্ন ধরনের বই পড়তে উৎসাহিত করুন যা হতে পারে তার প্রিয় বিষয়ের তথ্যবহুল বই থেকে গল্প এবং সাহিত্য বা জীবনী ও কবিতা।

ধার নিন ও ডাউনলোড করুন লাইব্রেরি থেকে বই ধার নিন এবং ডাউনলোড করুন। বিভিন্ন ফরম্যাটে (অডিওবুক বা সিডি, ডিভিডি, ডিভিডি) আপনার কম্পিউটার বা বহনযোগ্য যন্ত্রে বই ডাউনলোড করুন।

আপনার সন্তানকে সাক্ষরতা দক্ষতা ব্যবহার করে অন্যদের সহায়তা করতে উৎসাহিত করুন। যেমন, আপনার ছেলে বা মেয়ে তার চেয়ে ছোট ছেলেমেয়েদের বা বয়স্কদের পড়ে শোনাতে পারে এবং সে চিঠি লিখতে, টেলিফোন ম্যাসেজ রাখতে এবং বাজারের তালিকা তৈরি করতে পারে।

সহায়তা করুন আপনার সন্তানকে তার ভবিষ্যৎ নিয়ে পরিকল্পনা করুন এবং দেখুন সাক্ষরতা দক্ষতা কীভাবে তাকে তার প্রয়োজনীয় লক্ষ্যে পৌঁছুতে সমর্থ করে।

কথা বলুন এবং পড়ুন আপনার সন্তানের সাথে বাড়ির ভাষায় কথা বলুন এবং পড়ুন। তাতে আপনি তার সাক্ষরতা দক্ষতা বাড়ির ভাষা এবং ইংরেজি উভয় ভাষায়ই শক্তিশালী করে তুলবেন।

বলুন আপনার সন্তানকে পরিবারের গল্প বলুন এবং তার গল্প আপনাকে শোনাতে উৎসাহিত করুন। তাতে আপনি সাক্ষরতার সাথে একটি শক্তিশালী পারিবারিক সম্পর্ক গড়ে তুলবেন। ■

আমার সন্তানের কী কী সাক্ষরতা দক্ষতার প্রয়োজন হবে এবং আমি কীভাবে তাকে সেগুলো বাড়াতে সহায়তা করতে পারি?

জন্ম থেকে প্রি-কিন্ডারগার্টেন

জন্মমুহূর্ত থেকে শিশুরা শব্দ শোনে, তার প্রতি প্রতিক্রিয়া ব্যক্ত করে, এবং শব্দ নিয়ে খেলে। তারা প্রথমে আধো আধো বুলি উচ্চারণ করে, অনুসরণ করে এবং পরে কথা বলতে চেষ্ট করে। এগুলো সাক্ষরতা বৃদ্ধির গুরুত্বপূর্ণ স্তর। শিশুরা এ সময়ে বাড়িতে ব্যবহৃত যে কোন ভাষা যত বেশি শব্দ এবং গল্প শুনবে, তত সহজভাবে তারা পরে ইংরেজিতে পড়তে এবং লিখতে শিখবে।

ছোট্ট শিশুরা শুনতে পছন্দ করে। তারা তাদের প্রিয় বইগুলো বার বার শব্দ করে পড়া শুনতে ভালোবাসে। শুধু কথা শোনার জন্যই তারা বার বার প্রশ্ন করে "কেন?"।

ছোট্ট শিশুরা কথা বলতে পছন্দ করে। তারা একবার যখন আবিষ্কার করে যে শব্দের অর্থ আছে, তখন তারা নতুন শব্দসমূহ খুব তাড়াতাড়ি শেখে এবং বড়দের সাথে ভাব বিনিময়ে তা ব্যবহার করতে শুরু করে ।

ছোট্ট শিশুরা পড়তে পছন্দ করে। তারা বই নাড়াচাড়া করতে ভালোবাসে এবং ধীরে ধীরে তারা সামনে থেকে পিছনে এবং বাম থেকে ডানে পড়তে শেখে। প্রি-স্কুল শিক্ষার্থীরা বর্ণমালা শিখতে শুরু করতে, বর্ণ চিনতে এবং সেগুলোকে তাদের শব্দের সাথে মেলাতেও পারে।

ছোট্ট শিশুরা লিখতে পছন্দ করে। বড়রা কী করছে তা দেখে সেটা তারা অনুকরণ করে এবং তাদের চিন্তাগুলো আঁকাজোকা এবং ড্রইংয়ের মাধ্যমে তা প্রকাশ করে। ■

বাড়িতে আপনি কী করতে পারেন?

আপনার সন্তানের সাথে কথা বলুন

- দৈনন্দিন বিষয়ে কথা বলুন। আপনার সন্তানের দেখা জিনিসের নাম বলুন।
- সাইন ও লেবেল-এর শব্দগুলো নির্দেশ করে সেগুলো সম্পর্কে কথা বলুন।
- বইয়ের ছবি নিয়ে কথা বলুন।
- সে যে টিভি অনুষ্ঠান বা ভিডিও দেখছে, সে সম্পর্কে তার সাথে কথা বলুন।
- আপনার পরিবার, প্রিয় স্মরণীয় ঘটনা এবং অতীত অভিজ্ঞতা সম্পর্কিত গল্প বলুন।
- গান করুন।
- একসাথে নার্সারি ছড়াগান গাইবেন।
- বর্ণমালার গান শেখান।
- সন্তানের সাথে অভিনয়ের খেলা খেলুন এবং সে যেভাবে চায় সেভাবে খেলুন।
- আপনি কী করছেন, তার পরিচিত শব্দ দিয়ে তা বর্ণনা করুন।
- বাড়ির ভাষায় তার সঙ্গে কথা বলুন। এই কথোপকথন বাড়ির ভাষা এবং ইংরেজি উভয় ভাষায় তার সাক্ষরতা দক্ষতা বৃদ্ধি করবে।

আপনার সন্তানের কথা শুনুন

- আপনার সন্তান যেসব জিনিস দেখছে এবং করছে সেগুলো সম্পর্কে কথা বলুন।
- তার আকাজোঁকা এবং ড্রইং সম্পর্কে প্রশ্ন করুন।
- তাকে উৎসাহিত করুন যেন আপনাকে সে গল্প শোনায়।
- তার প্রশ্নগুলো ধৈর্য সহকারে শুনুয়

আপনার সন্তানকে পড়ে শোনান

- সন্তানকে প্রতিদিন পড়ে শোনাতে একটি সময় ও স্থান নির্দিষ্ট করুন।
- লাইব্রেরির বই ব্যবহার করুন। তাকে কিছু বই বেছে নিতে দিন।
- আপনি যে ভাষায় কথা বলেন, সেই ভাষার প্রিয় বইগুলো বার বার পড়ুন।
- ম্যাগাজিন বা ক্যাটালগ থেকে ছবি কেটে বই বানিয়ে একসাথে পড়ুন।
- যদি বাড়ির ভাষা ইংরেজি না হয়, তাকে পাবলিক লাইব্রেরিতে অনুষ্ঠিত কর্মসূচিগুলোতে নিয়ে যান যেখানে লাইব্রেরিয়ান ইংরেজিতে তাকে পড়ে শোনাবেন।
- বর্ণের ধ্বনি শেখাতে বর্ণমালার বই ব্যবহার করুন।

আপনার সন্তানকে আঁকতে ও লিখতে উৎসাহিত করুন

- তাকে আঁকার উপকরণ দিন এবং ছবিগুলো প্রদর্শন করুন।
- প্রিয় গল্প থেকে তাকে কোন কিছু আঁকতে বলুন।
- সে যে ছবি এঁকেছে সে ছবির বিষয়গুলোর নাম লিখতে বলুন যেন সে চিন্তা এবং লিখিত শব্দের মধ্যে একটি সম্পর্ক বের করতে পারে।
- তাকে একটি গল্প বলতে বলুন, সেটা লিখতে দিন এবং পড়ে শোনাতে বলুন।
- আপনি কীভাবে লেখেন, সন্তানকে দেখান।
- যখন কোন উপহার দেবার সময় আসে, তখন বই, ক্রেয়ন, বিশেষ কোন কাগজ, ম্যাগাজিনের গ্রাহক হওয়া অথবা অন্য কোন কিছুর কথা বিবেচনা করুন যাতে আপনার বাড়িতে একটি সাক্ষরতা সমৃদ্ধ পরিবেশ সৃষ্টি হয়।
- আপনার সন্তানকে দেখতে দিন যে আপনিও পড়ছেন এবং লিখছেন। সে বুঝতে শিখবে এগুলো 'বড়দের' করতে হয় এমন গুরুত্বপূর্ণ কাজ যা আমরা প্রতিদিন ব্যবহার করি। ■

পরিবারের জন্য প্রথম ১০টি স্থান যেখানে প্রি-স্কুল শিক্ষার্থীরা সাক্ষরতা গড়ে তুলতে পারে:

১০. রাস্তার সাইন ও বিলবোর্ড
৯. আপনার মহল্লা
৮. রেস্টুরেন্ট
৭. পার্ক ও চিড়িয়াখানা
৬. খেলার মাঠ
৫. দোকান-পাট
৪. লাইব্রেরি
৩. বাস ও ট্রেন
২. বাড়ি
১. সব জায়গায়!

যেসব বই পড়তে দেয়া হয়েছে সেগুলো উচ্চারণ করে পড়তে হবে: জন্ম থেকে প্রি-কিন্ডারগার্টেন

শিক্ষার্থীরা এই বয়সে যেসব বই এবং লেখকদের লেখা উপভোগ করে, সেগুলোর একটি তালিকা দেয়া হলো। আপনি এই বইগুলো পাবলিক লাইব্রেরিতে পাবেন। অন্য আরও ভালো বইয়ের জন্যও লাইব্রেরিয়ানের পরামর্শ চাইতে পারেন।

Jez Alborough	Hug!
Katharine Ayers	Up, Down and Around
Keith Baker	Big Fat Hen
Molly Bang	Ten, Nine, Eight
Frances Barry	Duckie's Splash
Ruth Lercher Borstein	Little Gorilla
Sandra Boynton	Moo, Baa, La La La
Margaret W. Brown	Goodnight Moon
Eric Carle	The Very Hungry Caterpillar
Lucy Cousins	Where are Maisy's Friends?
Cressida Cowell	What Shall We Do With The Boo Hoo Baby?
June Crebbin	Cows in the Kitchen
Donald Crews	Freight Train/Tren de Carga
Lois Ehlert	Planting a Rainbow
Ed Emberley	Go Away, Big Green Monster!
Catharine Falwell	Feast for 10
Denise Fleming	Barnyard Banter
Mem Fox	Time for Bed
Kevin Henkes	Kitten's First Full Moon
Eric Hill	Where's Spot?
Tana Hoban	Black on White
Cherly Willis Hudson	Hands Can
Ruth Krauss	The Carrot Seed
Bill Martin, Jr. and Eric Carle	Brown Bear, Brown Bear, What Do You See?
Flora McDonell	I Love Animals
Margaret Miller	Peekaboo Baby
Iona Opie	My Very First Mother Goose
Helen Oxenbury	Clap Hands
Peggy Rathmann	Goodnight, Gorilla
Michael Rosen	We're Going on a Bear Hunt
David Shannon	No, David!
Jane Simmons	Come Along, Daisy!
Paul and Henrietta Stickland	Dinosaur Roar!
Nancy Tarfuri	Spots, Feathers and Curly Tails
Martin Waddell	Owl Babies
Mo Willems	Knuffle Bunny: A Cautionary Tale
Sue Williams	I Went Walking/Sali de paseo
Audry Wood	Piggies
Andrea Zimmerman	Trashy Town

কিন্ডারগার্টেন

কিন্ডারগার্টেনে পড়ার বয়েসীদের আগ্রহ থাকে অসীম। ছেলেমেয়েরা ধ্বনি এবং শব্দ অনুসন্ধান করে এবং ভাষা সম্পর্কে শেখে। তারা প্রথাগতভাবে সাক্ষরতা কর্মকাণ্ডের অভিজ্ঞতা লাভ করতে শুরু করে যেমন ক্লাসে সবার সাথে বই পড়া, বর্ণমালা শেখা এবং বই সম্পর্কে তাদের শিক্ষকের সাথে কথা বলা।

কিন্ডারগার্টেন-এর শেষ দিকে কিছু শিক্ষার্থী শুধু গল্প শোনা শুরু করে থাকে। অন্যরা বর্ণ এবং সহজ শব্দগুলো পড়তে পারে। বেশিরভাগ, সবাই নয়, বর্ণমালার বর্ণ এবং ধ্বনি শেখে এবং তাদের নিজেদের নামগুলো পড়তে পারে। তারা অনেকসময় যে শব্দগুলো দেখে সেগুলো চিনতে পারে, যেমন 'স্টপ'। অনেকেই ১০ পর্যন্ত গুণতে এবং কিছু লিখিত সংখ্যা চিনতে পারে।■

বাড়িতে আপনি কী করতে পারেন?

কথা বলা এবং শোনা

- আপনার সন্তান সারাদিন কী করেছে, দেখেছে এবং পড়েছে, সে সম্পর্কে তার সাথে কথা বলুন।
- তাকে প্রশ্ন করতে, মতামত প্রকাশ করতে এবং তথ্য বিনিময় করতে উৎসাহিত করুন।
- সেসব খেলা খেলুন ও গান করুন যা শব্দের ধ্বনি এবং সেগুলোর লিখিত রূপের মধ্যে একটি সম্পর্ক তৈরি করে।
- পারিবারিক গল্প বলুন।
- তার কথা শুনুন এবং তাকে অন্যের কথা শুনতে বলুন।
- আপনার সন্তানকে তার পুরো নাম এবং ঠিকানা শেখান।

পঠন:

- আপনার সন্তানকে উচ্চারণ করে পড়ে শোনান এবং আপনি তার সাথে কী পড়ছেন সে সম্পর্কে তার সাথে কথা বলুন। সে আগে যেসব গল্প পড়েছে, সেগুলোর সাথে সম্পর্কে বের করুন।
- সে আপনার সাথে পড়তে পারে এমন পরিচিত বই বিনিময় করুন।
- তাকে লেবেল, সিরিয়ালের বক্স, দোকানের সাইন এবং বাড়ির আশেপাশের সকল ছাপা লেখাগুলো পড়তে অথবা উচ্চারণ করে পড়তে সহায়তা করুন।

লেখা

- আপনার সন্তানের সাথে আঁকুন এবং তার ড্রইং-এ সে যে গল্পটি বলেছে, সে সম্পর্কে কথা বলুন। সে যেসব গল্প পড়েছে এবং মুভি দেখেছে, সেগুলো থেকে তাকে ছবি আঁকতে উৎসাহিত করুন।
- তাকে তার পুরো নাম এবং ফোন নম্বর কীভাবে লিখতে হয় শিখতে সহায়তা করুন।
- তার নিজস্ব চিন্তাগুলো লিখতে তাকে সহায়তা করুন। ■

স্কুলে শিক্ষার্থীরা যা করতে পারে:

কথা বলা ও শোনা

- ধ্বনি অনুশীলন, ধ্বনিকে শব্দের সাথে যুক্ত করা এবং শব্দকে ভেঙ্গে আলাদা ধ্বনি তৈরি (ফোনেমিক্স) করছে।
- বর্ণের ধ্বনি চেনা এবং কীভাবে ধ্বনি মিলিত হয়ে শব্দ তৈরি করে তা জানছে (ফোনিক্স)।
- তাদের বাড়ির সংস্কৃতি, ভাষা এবং ঐতিহ্য ক্লাসের সবার সাথে পরিচয় করিয়ে দেয়।
- একে অন্যের সাথে কথা বলতে, প্রশ্ন করতে, গল্প বলতে, চিন্তার ব্যাখ্যা অথবা বিনিময় করতে, দেখানো-এবং-বলা (শো-অ্যান্ড-টেল) আয়োজন করতে, তত্ত্ব অনুসরণ করতে, তাদের অনুভূতি প্রকাশ করতে, ছন্দ তৈরি করতে, কারো ভূমিকায় অভিনয় করতে এবং কল্পনার ব্যবহার করে।
- তাদের সহপাঠীদের কথা আন্তরিকভাবে শুনে।
- প্রশ্ন করে।
- পালা করে কথা বলতে এবং নির্দেশনা অনুসরণ করে।

পঠন

- তারা যে বইগুলো পড়ছে, সেগুলো উপভোগ করে, কারণ তারা জানে কীভাবে বা থেকে ডানে এবং উপর থেকে নিচে পড়তে হয় এবং তারা সেই সব বইগুলো বেছে নিয়েছে যা তারা মোটামুটি সহজভাবে পড়তে পারে।
- শিক্ষকদের উচ্চারণ করে পড়া গল্পগুলো শুনে, সেগুলো পুনর্বার গুছিয়ে বলে এবং সেগুলো সম্পর্কে আলোচনা করে।
- বর্ণের ধ্বনি সম্পর্কে জানতে এবং কীভাবে বর্ণের ধ্বনি মিলিত হয়ে শব্দ তৈরি করে তা জানতে।
- উচ্চারণ করে পড়তে।
- যখন তারা বা অন্য কেউ উচ্চারণ করে পড়ে, তখন লিখিত শব্দগুলো নির্দেশ করতে।
- অনেক অজানা শব্দ সম্পর্কে চিন্তা না করে এবং না থে মে অনেক বই পড়তে এবং উপভোগ করতে।
- প্রসঙ্গ থেকে নতুন শব্দ শিখতে।

লেখা

- তারা উচ্চারণ করতে পারে তেমন বর্ণ এবং শব্দ লেখা।
- ছবি এবং কিছু শব্দ ব্যবহার করে কিছু গল্প এর্ব অন্যান্য কোন কিছুর সৃজনশীল বর্ণনা দেয়া যার শুরু, মধ্য এবং শষ রয়েছে।
- তাদের শিক্ষকদের গল্প বলে যাতে শিক্ষকেরা সেগুলো লিখে রাখেন এবং তারা তাদের গল্পগুলো ছাপানো রূপে দেখতে পায়। ■

যেসব বই উচ্চারণ করে পড়তে পরামর্শ দেয়া হয়েছে: কিন্ডারগার্টেন

শিক্ষার্থীরা এই বয়সে যেসব বই এবং লেখকদের লেখা উপভোগ করে, সেগুলোর একটি তালিকা দেয়া হলো। অন্য আরও ভালো বইয়ের জন্য লাইব্রেরিয়ান অথবা শিক্ষকের পরামর্শ চাইতে পারেন। আপনি এই বইগুলোর কপি এবং অন্য বই যেখানে পেতে পারেন:

- আপনার সন্তানের স্কুলের লাইব্রেরিতে
- ক্লাসরুম লাইব্রেরিতে
- আপনার বাড়ির কাছের কোন পাবলিক লাইব্রেরিতে।

Byron Barton	The Three Bears
Ludwig Bemelmans	Madeline
Eileen Christelow	Five Little Monkeys Jumping on the Bed
Doreen Cronin	Click, Clack, Moo: Cows That Type
P. D. Eastman	Go, Dog. Go!
Lois Ehlert	Fish Eyes: A Book You Can Count On
Ian Falconer	Olivia
Cathryn Falwell	Turtle Splash! Countdown at the Pond
Jules Feiffer	Bark, George
Denise Fleming	Alphabet Under Construction
Don Freeman	Corduroy
Kevin Henkes	Lilly's Purple Plastic Purse
Tad Hills	Duck & Goose
Lenny Hort	The Seals on the Bus
Keiko Kasza	The Wolf's Chicken Stew
Ezra Jack Keats	The Snowy Day
Jonathan London	Froggy Gets Dressed
James Marshall	George and Martha
Bill Martin, Jr.	Chicka Chicka Boom Boom
Robert McCloskey	Make Way for Ducklings
Gerald McDermott	Anansi the Spider: A Tale from the Ashanti
Anik McGrory	Kidogo
Kate McMullan	I Stink!
Susan Meddaugh	Martha Speaks
Robert Neubecker	Wow! City!
Laura Numeroff	If You Give a Mouse a Cookie
Linda Sue Park	Bee-bim Bop!
H.A. Rey	Curious George
Laura Vaccaro Seeger	First the Egg
Maurice Sendak	Where the Wild Things Are
Dr. Seuss (Theodore S. Geisel)	Green Eggs and Ham
Nancy Shaw	Sheep in a Jeep
Joseph Slate	Miss Bindergarten Gets Ready for Kindergarten
Roseanne Thong	Red Is a Dragon: A Book of Colors
Bernard Waber	Lyle, Lyle, Crocodile
Ellen Stoll Walsh	Mouse Paint
Mo Willems	Don't Let the Pigeon Drive the Bus
Audrey Wood	The Napping House
Jane Yolen	How Do Dinosaurs Say Good Night?
Gene Zion	Harry the Dirty Dog

গ্রেড ১–২

শিক্ষার্থীরা বিভিন্ন স্তরের পঠনযোগ্যতা নিতে ১ম গ্রেডে আসে। কেউ কেউ পড়তে পারে; অন্যরা শুধু পড়তে শুরু করেছে; এবং কেউ কেউ এখনও পড়তে শুরু করেনি। প্রথম গ্রেডের শেষ পর্যায়ে অধিকাংশ শিক্ষার্থী তাদের পঠনযোগ্যতা বৃদ্ধি করবে এবং তারা সার-সংক্ষেপ করতে পারবে এবং যে গল্পগুলো তারা পড়েছে, সেগুলো সম্পর্কে প্রশ্নে উত্তর দিতে সক্ষম হবে।

১ম গ্রেডের শিক্ষার্থীদের লেখার ক্ষমতা তাদের পড়া এবং শোনার অভিজ্ঞতার সাথে নিবিড়ভাবে জড়িত। যেসব শিক্ষার্থী গল্প বোঝে তারা জানে কীভাবে তাদের নিজেদের গল্প তৈরি করতে হয়। অন্যরা যখন পিছিয়ে আছে, তখন কোন কোন শিক্ষার্থী তাদের প্রথম গ্রেডে প্রবেশের সময়ই ভালো লেখক হয়ে থাকে। প্রথম গ্রেডের শেষে অধিকাংশ শিক্ষার্থী তাদের লেখা এবং ড্রইংয়ের মাধ্যমে তাদের ভাব প্রকাশ করা এবং তারা যে ধ্বনি শোনে সেগুলো থেকে বর্ণ দিয়ে শব্দ তৈরি করতে শেখে (যাকে বলা হয়- "উদ্ভাবিত বানান")।

অনেক ২য় গ্রেডের শিক্ষার্থী পড়তে পারার গুরুত্ব বোঝে এবং ভালো পাঠক হতে চায়। ২য় গ্রেডে থাকাকালীন শিক্ষার্থীরা জটিল ঘটনাবহুল গল্প শোনা উপভোগ করে এবং কেউ কেই অধ্যায় বিভাজিত বই পড়তে শুরু করে।

২য় গ্রেড শিক্ষার্থীদের লেখায় তাদের ব্যক্তিত্ব প্রকাশিত হতে শুরু করে। অনেক শিক্ষার্থী মজা করার জন্য লেখে। তারা তখনও উদ্ভাবিত বানান ব্যবহার করে এবং কখনও তাদের প্রিয় বই অথবা লেখককে অনুকরণ করে নতুন ধরনের গল্প লেখার মজা উপভোগ করতে চেষ্টা করে। ■

আপনি জানেন কি...

আপনার সন্তানকে প্রতিদিন শুধু ২০ মিনিট করে এক পছর পড়ে শোনালে সে ১০ লক্ষ শব্দের সাথে পরিচিত হবে এবং তার বানান, ব্যাকরণ এবং লেখার দক্ষতা বৃদ্ধি পাবে।

বাড়িতে আপনি কী করতে পারেন?

কথা বলা এবং শোনা

• আপনার সন্তানের পড়া এবং লেখায় সংশ্লিষ্ট হোন।

• সন্তানকে সঙ্গে নিয়ে আপনার যেসব অভিজ্ঞতা হয়েছে, তা নিয়ে কথা বলুন। তাকে তার অভিজ্ঞতার কথা বা অন্যরা যা বলে তা নিয়ে কথা বলতে বলুন।

• তার পড়া এবং লেখা সম্পর্কে তার সাথে আলোচনা করুন। সে যা বলেছে তা বুঝতে না পারলে তাকে প্রশ্ন করুন।

• তার সাথে 'আই স্পাই', (আমি এমন একটি জিনিস দেখছি যার বানান লেখা শুরু হয়েছে 'বি' দিয়ে), জুনিয়র স্ক্যাব্‌ল্ এবং ট্রিভিয়াল পারস্যুট-এর মতো খেলা খেলুন।

• কথোপকথনে তাকে নতুন শব্দ ব্যবহার করতে উৎসাহিত করুন।

• তাকে তার আবেগ এবং আগ্রহের ব্যাপারে কথা বলতে বলুন।

পঠন

• আপনার সন্তানের সাথে প্রতিদিন পড়ুন। তাকে উচ্চারণ করে পড়ে শোনানো অব্যাহত রাখুন এবং আপনাকে পড়ে শোনাতে বলুন। তার কাছে থেকে জানতে চান গল্পটি তাকে কী মনে করিয়ে দেয়, ভাবায় অথবা কেন তা আশ্চর্যবোধক।

• আপনি যদি অন্য ভাষায় পড়তে স্বাচ্ছন্দ্যবোধ করেন, তাহলে সেইসব বই ব্যবহার করুন যা ইংরেজি এবং আপনার প্রথম ভাষা, উভয় ভাষায় লিখিত। আপনি যখন এগুলো নিয়ে তার সাথে কথা বলবেন, তখন সে দুটোই শিখবে। আপনারা পালা করে একবার ইংরেজি আরেকবার আপনার প্রথম ভাষায় পড়তে পারেন।

• আপনার সন্তানের পড়ার প্রচেষ্টায় সহায়তা দিন। যেসব ভুল গল্পের কোন ক্ষতি করে না, সেগুলো শুদ্ধ করতে তাকে থামাবেন না। ছবি দেখে এবং বর্ণের ধ্বনি ব্যবহার করে তাকে উচ্চারণ করে শব্দ বলতে সহায়তা করুন।

• আপনি তার সাথে যে গল্প পড়ছেন সেগুলো সম্পর্কে তাকে বলতে বলুন। আগামীতে কী ঘটতে পারে অথবা চরিত্রগুলো কী করতে পারে, সে ব্যাপারে তাকে ধারণা করে অগ্রিম বলতে বলুন।

• বই আনার জন্য তাকে পাবলিক লাইব্রেরিতে নিয়ে যাবেন।

• আপনার সন্তানকে সব ধরনের বই পড়তে উৎসাহিত করুন (গল্প, ছবির বই, কবিতা, বাস্তব কাহিনির বই) এবং আপনার আশেপাশে যা আছে (সংবাদপত্র, সাইনবোর্ড, সিরিয়ালের বক্স)।

• তাকে গল্প পড়ে আপনাকে শোনাতে বলুন এবং সে সম্পর্কে আলোচনা করুন।

লেখা

• আপনার সন্তানকে আপনার জন্য কিছু লিখতে বলুন, যেমন কোন আত্মীয়ের কাছে চিঠি অথবা বাজারের তালিকা। তার জন্য সংক্ষিপ্ত নোট লিখে রাখুন এবং তাকে নোট লিখতে উৎসাহিত করুন।

• তাকে কম্পিউটারসহ বিভিন্ন উপকরণ ব্যবহার করে লেখার সুযোগ দিন।

স্কুলে শিক্ষার্থীরা যা যা করতে পারে:

কথা বলা এবং শোনা

• গল্প বলতে অথবা অভিনয় করে দেখাতে।

• সহপাঠী এবং শিক্ষকদের সাথে ধারণা ও পর্যবেক্ষণ সম্পর্কে মতবিনিময় করতে।

• সহপাঠী এবং শিক্ষকদের সাথে বই, গল্প এবং ধারণা নিয়ে আলোচনা করতে।

• পরিবার সম্পর্কে কথা বলতে।

• বিভিন্ন উদ্দেশ্যে প্রকাশপ্রঞ্জী এবং যথাযথ অঙ্গাভঙ্গি করে কথা বলা।

পঠন

• ধ্বনি এবং বর্ণকে একসাথে করে অপরিচিত গ্রেড পর্যায়ের শব্দ তৈরি করতে যাতে একের অধিক স্বর থাকে এবং অর্থ বহন করে।

• অর্থ অনুসন্ধান করে শব্দ সম্পর্কে জানা, শব্দটির সাথে সংশ্লিষ্ট অন্য শব্দ অনুসন্ধান করা, এবং শব্দ কীভাবে বিভিন্ন উপায়ে ব্যবহৃত হয়, তা পর্যালোচনা করা।

• যথাযথ গতি, শুদ্ধতা এবং বাচনভঙ্গীসহ গ্রেড পর্যায়ের বই পড়া।

• তাদের পড়ার স্তরের সাথে খাপ খায় এমন বই কী করে বেছে নিতে হয় তা শেখা।

• তারা যা পড়ছে ও লিখছে তা উপভোগ করা, তারা কী পছন্দ করে তা নিয়ে আলোচনা করা এবং পরস্পরকে পরামর্শ দেয়া।

• পড়া সংক্রান্ত সমস্যা সমাধানে বিভিন্ন উপায় অবলম্বন, যেমন উচাচরণ করে শব্দ বলা, শব্দের অংশগুলোর মধ্যে মিল এবং শব্দগুলো কোন্ শ্রেণিভুক্ত তা খুঁজে বের করা এবং বাক্যে অথবা গল্পে শব্দের ব্যবহার থেকে অর্থ উদ্ধার করা।

সাক্ষরতা সংক্রান্ত পরামর্শ

"উপযুক্ত বই বেছে নেয়া"

আপনার সন্তানকে পরামর্শ দিন:

- বইয়ের শিরোনাম পড়তে।
- বইয়ের প্রচ্ছদের বর্ণনা পড়তে।
- সূচিপত্র দেখতে।
- দুই-এক পৃষ্ঠা পড়তে।

আপনার সন্তানকে জিজ্ঞাসা করুন:

- এই বই সম্পর্কে তোমার ধারণা কী?
- এটাকে কী আগ্রহব্যঞ্জক মনে হয়?

একটি বই উপযোগী হয়, যদি

- বইয়ের বিষয় শিক্ষার্থীকে আগ্রহী করে।
- শিক্ষার্থী একটি পৃষ্ঠার ৯৫% শব্দ নিজে নিজে পড়তে পারে।

একটি বই খুব কঠিন মনে হয়, যদি

- শিক্ষার্থী একটি পৃষ্ঠায় পাঁচ বা ততোধিক শব্দ পায় যা সে পড়তে পারে না (যদি না অন্য কেউ তাকে বইটি পড়ে শোনায়)।
- শিক্ষার্থী বুঝতে পারে না যে সে কী পড়ছে। ■

পড়ার জন্য সুপারিশকৃত বই: গ্রেড ১-২

এই বয়সে শিক্ষার্থীরা যেসব বই এবং লেখকদের লেখা উপভোগ করে, এখানে সে সব বইয়ের একটি তালিকা দেয়া হলো। আপনি আপনার সন্তানকে এগুলো থেকে কিছু পড়ে শোনাতে পারেন এবং আপনার সন্তান আপনাকে পড়ে শোনাতে পারে।

কোন লাইব্রেরিয়ান অথবা শিক্ষককে অন্য ভালো বই সম্পর্কে পরামর্শ দেয়ার জন্য বলতে পারেন।

আপনি এসব এবং অন্যসব বইয়ের কপি কোথায় পেতে পারেন?
- আপনার সন্তানের স্কুলের লাইব্রেরিতে
- সন্তানের ক্লাসরুমের লাইব্রেরিতে
- আপনার নিকটস্থ পাবলিক লাইব্রেরিতে

Harry G. Allard	Miss Nelson is Missing!
Tedd Arnold	Hi! Fly Guy
Monika Bang-Campbell	Little Rat Makes Music
Monica Brown	My Name is Gabito: The Life of Gabriel García Márquez (Me llamo Gabito: La Vida de Gabriel García Márquez)
Doreen Cronin	Diary of a Worm
Tomie De Paola	Strega Nona
Carmen Agra Deedy	Martina the Beautiful Cockroach: A Cuban Folktale
Penda Diakite	I Lost My Tooth in Africa
Arthur Dorros	Abuela
Lucía M. González	The Storyteller's Candle (La Celita de los Cuentos)
Geoffrey Hayes	Benny and Penny in Just Pretend
Lily Toy Hong	Two of Everything: A Chinese Folktale
Elizabeth Fitzgerald Howard	Virgie Goes to School with Us Boys
Angela Johnson	Julius
Kathleen Krull	Wilma Unlimited: How Wilma Rudolph Became the World's Fastest Woman
Ellen Levine	Henry's Freedom Box
Arnold Lobel	Frog and Toad are Friends
Margaret Read MacDonald	Old Woman Who Lived in a Vinegar Bottle
Gerald McDermott	Zomo the Rabbit: A Trickster Tale from West Africa
Lisa Moser	Squirrel's World
Brian Pinkney	The Adventures of Sparrowboy
Faith Ringgold	Tar Beach
Cynthia Rylant	Henry and Mudge (series)
Jon Scieszka	The True Story of the 3 Little Pigs!
Esphyr Slobodkina	Caps for Sale
William Steig	Sylvester and the Magic Pebble
John Steptoe	Stevie
Jan Thomas	What Will Fat Cat Sit On?
Rosemary Wells	Yoko
Mo Willems	There is a Bird on Your Head!
Herbert Wong Yee	Abracadabra! Magic with Mouse and Mole
Jane Yolen and Andrew Fusek Peters	Here's a Little Poem: A Very First Book of Poetry

- কৌশল ব্যবহার করে, যেমন প্রশ্ন করে এবং তারা যা পড়ছে তার সঠিক অর্থ বের করার জন্য পুনর্বার পড়া।
- তথ্য বের করতে পড়া।

লেখা

- বিভিন্ন ধরনের লেখা অনুসন্ধান করে (যেমন প্রিয় শব্দুলোর একটি নোট রেখে, তাদের বন্ধুদের কাছে নোট লিখে)।
- যুক্তিসঙ্গতভাবে সাজানো ও অর্থবহ বাক্য লিখে।
- লেখার প্রক্রিয়া ব্যবহার করে কাল্পনিক এবং ব্যক্তিগত গল্প তৈরি করে।
- তারা যেসব বিষয় সম্পর্কে শিখেছে বা অভিজ্ঞতা লাভে করেছে, সেগুলো লিখে অথবা তার ছবি এঁকে অন্যদেরকে দেখিয়ে।
- তাদের লেখা সম্পর্কে আলোচনা করে।
- সাধারণ শব্দগুলো সঠিকভাবে বানান করে এবং একটি অভিধান অথবা নতুন শব্দ সঠিকভাবে বানান করতে শব্দ-প্রাচীর (ওয়ার্ড ওয়াল) ব্যবহার করে।
- দাঁড়ি, প্রশ্নবোধক চিহ্ন, আশ্চর্যবোধক চিহ্ন এবং বড় হাতের অক্ষর ব্যবহার করে।
- তাদের লেখা প্রকাশ করে। ■

আপনি জানেন কি...

ইংরেজিতে অন্যসব ভাষার চেয়ে বেশি শব্দভাণ্ডার রয়েছে। ইংরেজি ভাষা অন্য ভাষা থেকে অনেক শব্দ ধার করে।

গ্রেড ৩–৫

এই গ্রেডগুলোতে শিক্ষার্থীরা সাধারণত সহজভাবে তাড়াতাড়ি এবং শুদ্ধভাবে পড়তে এবং লিখতে পারে। এ সময়ে তারা শুধু পড়া শিখছে না, তারা তাদের পড়ার দক্ষতা ব্যবহার করে নতুন গল্পের অভিজ্ঞতা লাভ করে এবং নতুন চিন্তার সাথে পরিচিত হয়। তাদের এই নিজে নিজে পড়ার নতুন যোগ্যতা তাদেরকে আনন্দও দেয়। তারা গল্প এবং বাস্তবধর্মী বই দুইই পড়তে ভালোবাসে। একই সময়ে, তারা তখনও বড়দের পড়া গল্প বলা শুনতে ভালোবাসে, কথাবার্তায় নতুন শব্দ ব্যবহার করতে চেষ্টা করতে ভালোবাসে এবং তা তাদের শিক্ষক এবং পরিবারের সদস্যদেরকে জানায়।

স্কুলে শিক্ষার্থীদের প্রতিটি বিষয়ে পড়তে এবং লিখতে বলা হবে। তারা পারে:

- গল্প পড়তে এবং তা নিয়ে একটি নাটক লিখতে
- তারা যে বিদেশি জায়গা সম্পর্কে পড়েছে, তা নিয়ে একটি ভ্রমণ সংক্রান্ত প্রচারপত্র তৈরি করতে
- তাদের গণিত সমস্যার সমাধান কথায় এবং সংখ্যায় দুইভাবেই লিখতে
- হেমন্তে যে প্রাকৃতিক পরিবর্তন সাধিত হয়, প্রাকৃতিক পরিবেশে হেঁটে সে সম্পর্কে তাদের পর্যবেক্ষণ সম্পর্কে লিখতে। ■

আপনি বাড়িতে কী করতে পারেন?

কথা বলা এবং শোনা

- আপনার সন্তানের সাথে স্কুল, বন্ধু-বান্ধব এবং কর্মকাণ্ড নিয়ে কথা বলুন।
- তার চিন্তা এবং অনুভূতি প্রকাশ করতে উৎসাহিত করুন।
- তার আগ্রহ, উদ্বেগ, পছন্দ এবং অপছন্দের কথা শুনুন। তার মতামতের যুক্তি কী তা জেনে নিন।

পঠন

- আপনার সন্তান যেসব বই পড়তে ভালোবাসে, সেগুলো সম্পর্কে কথা বলুন। তাকে পড়ে শোনাতে বলুন।
- সে আগে অন্য যে বই পড়েছে এবং এখন যা পড়ছে, তা তুলনা করতে বলুন।
- তাকে পড়ে শোনানো অব্যাহত রাখুন। তার গল্পটি শুনে কেমন মনে হচ্ছে অথবা চরিত্রগুলো সম্পর্কে কেমন বোধ হচ্ছে তা বলতে বলুন। 'পরে কী হতে পারে' অথবা 'এমন হলে কী হবে'– তাকে অনুমান করতে উৎসাহিত করুন।
- তার আগ্রহের সাথে সঙ্গতি রেখে তাকে বই দিন। তাকে তার পছন্দের লেখকদের কাজের প্রতি নজর রাখতে বলুন।
- পড়া এবং হোমওয়ার্ক করা জন্য একটি নির্জন স্থান এবং নির্দিষ্ট সময় আলাদা করে রাখুন। তাকে উৎসাহিত করুন।
- তাকে চিন্তাশীল সিদ্ধান্ত নিতে ব্যস্ত রাখুন। যেমন, আপনারা একসাথে টিভি গাইড পড়ে কোন্ অনুষ্ঠানটি দেখবেন, সেই সিদ্ধান্তটি নেবেন।
- তাকে বছরে কমপক্ষে ২৫টি বই পড়তে সহায়তা এবং উৎসাহ দিন।

লেখা

- আপনার সন্তানকে লেখার জন্যে একটি জায়গা দিন এবং সে জায়গাটির মর্যাদা দিন।
- তাকে বিভিন্ন ধরনের লেখা (যেমন গল্প এবং কবিতা) লিখতে এবং লেখাটিকে ড্রইং এবং রঙ ব্যবহার করে সুন্দর করতে উৎসাহিত করুন।
- তার লেখা আপনাকে দেখাতে বলুন।
- তাকে একটি জার্নাল বা ডায়েরি দিন। সেটাকে গোপন রাখতে দিন।
- বন্ধু-বান্ধব এবং আত্মীয়দের মধ্যে প্রকাশ করার জন্য নিউজলেটার তৈরি করুন। তাকে সেটা লিখতে বলুন এবং তাকে পরিবারের সদস্যদের সাক্ষাতকার নেয়ার ব্যবস্থা করে দিন। ■

স্কুলে শিক্ষার্থীরা যা করতে পারে:

কথা বলা এবং শোনা

- সহপাঠীদের কাছে তাদের ধারণা প্রকাশের সময় নিশ্চিত করতে যে, তাদের মূল বিষয়সমূহ সুন্দরভাবে সংগঠিত ও ঘটনা দ্বারা সমর্থিত।
- বিভিন্ন উপায়ে তাদের ধারণা প্রকাশ করে (আলোচনা, উপস্থাপনা, নাটক, কবিতার মাধ্যেমে)।
- অন্যদের কথা শুনে এবং তা বিভিন্ন মতামতের সাথে তুলনা করে।
- প্রশ্ন করে এবং সাক্ষ্য-প্রমাণের সাথে সম্মত বা অসম্মত হয়।

পঠন

- পাঠের লক্ষ্য নির্ধারণ করে এবং একক ও দলগত উভয়ভাবে পড়ে।
- অভিব্যক্তিসহকারে উচ্চারণ করে পড়ে।
- তারা যেসব বই পড়েছে বা শুনেছে, সেসব বইয়ের চরিত্র, ঘটনা এবং সহায়ক প্রমাণাদির বিস্তারিত আলোচনা করে।
- পাঠলব্ধ ধারণাগুলোকে তাদের নিজেদের ভাষায় পুনর্ব্যক্ত করে।
- কোন বিষয় বোঝার জন্য অনুমান করে এবং উপসংহার টানে।
- তারা পঠিত বইগুলোর মধ্যে সংযোগ তৈরি করে।
- লেখকের লেখা সম্পর্কে প্রশ্ন তুলে এবং পড়ার মাধ্যমে তার উত্তর দিয়ে।
- তারা যেসব বই পড়ছে, সেগুলো সম্পর্কে তাদের নিজস্ব ব্যাখ্যা দিয়ে; একটি বিষয়ের তথ্যকে তুলনা এবং সেগুলোর মধ্যে মিল-অমিল খুঁজে।
- তথ্য সংগ্রহের উদ্দেশ্যে পড়ে এবং একটি বিষয় সম্পর্কে একাধিক সূত্র থেকে তথ্য এবং ধারণা নিয়ে।
- গুরুত্বপূর্ণ ও অগুরুত্বপূর্ণ খুঁটিনাটি, বাস্তবতা বনাম অভিমত, মূল ভাব এবং দৃষ্টিভঙ্গীর ভিন্নতা শনাক্ত করে।
- দুইটি ভিন্নি সূত্র থেকে প্রাপ্ত তথ্যের তুলনা করে।
- তারা নিজেরা দীর্ঘ সময়ের জন্য পড়ে।

আপনি জানেন কি...

জন্মগত ভাষায় পড়তে শেখা ইংরেজিতে পড়তে শেখার সাফল্য বৃদ্ধি করে (ন্যাশনাল রিডিং প্যানেল, ২০০৬)

লেখা

- বিভিন্ন উদ্দেশ্যে লেখা: মৌলিক গল্প বলে, তথ্য জানিয়ে, মানুষের জীবন বর্ণনা করে, কাব্যিক ভাব সৃষ্টি করে।
- মনের অবস্থা জানাবার এবং পাঠকদের মধ্যে প্রতিক্রিয়ার জন্ম দেয়ার জন্য কল্পিত এবং আত্মজৈবনিক লেখা লিখে।
- ভিন্ন বিষয়ে কীভাবে লিখতে হয় তা শেখে যেমন কমপক্ষে দুটি তথ্যসূত্র ব্যবহার করে সমাজ পাঠের ওপর একটি স্বচ্ছ, সুগঠিত প্রতিবেদন লিখে।
- ভাষার প্রথাগত কাঠামো শিখে যেমন ছন্দ, তাল এবং উপযুক্ত শব্দ ব্যবহার করে।
- লেখার প্রথাগত গঠন জেনে, যেমন প্যারাগ্রাফ লেখা ও সাজানোর বিভিন্ন উপায়গুলো (কার্যকারণ, কালক্রম অনুযায়ী সাজানো)।
- ভালো লেখকদের উদাহরণ অনুসরণ করে যেমন সঠিক শব্দ বেছে, চিন্তাকে সংগঠিত করে এবং রূপক ও বর্ণনামূলক ভাষা ব্যবহার করে। ■

সুপারিশকৃত বই: ৩-৫ গ্রেড

এই বয়সের ছেলেমেয়েরা মজা পাবে, এ ধরনের বই ও লেখকদের তালিকা এখানে দেয়া হলো। এগুলোর কিছু আপনি সন্তানদেরকে পড়ে শোনাতে পারেন; আপনার সন্তান এগুলোর কয়েকটা আপনাকে পড়ে শোনাতে আগ্রহী হতে পারে।

লাইব্রেরিয়ান বা সন্তানের শিক্ষককে অন্য কিছু ভালো বইয়ের সুপারিশ করতে বলুন।

নিম্নোল্লিখিত এবং অন্যান্য বইয়ের কপি আপনি কোথায় পাবেন?

- আপনার সন্তানের স্কুল লাইব্রেরিতে
- ক্লাসরুম লাইব্রেরিতে
- আপনার আশেপাশের পাবলিক লাইব্রেরিতে।

Avi	Poppy
Natalie Babbit	Tuck Everlasting
Nic Bishop	Spiders
Judy Blume	Soupy Saturdays with the Pain & the Great One
Ann Cameron	The Stories Julian Tells
Beverly Cleary	The Mouse and the Motorcycle
Andrew Clements	Frindle
Suzanne Collins	Gregor the Overlander
Sharon Creech	Love That Dog
Christopher Paul Curtis	The Watsons Go to Birmingham-1963
Roald Dahl	Charlie and the Chocolate Factory • The BFG
Kate DiCamillo	Because of Winn-Dixie • The Tale of Despereaux
Michael Dorris	Morning Girl
Francis O'Roark Dowell	Phineas L. MacGuire…Erupts!
Jeanne DuPrau	City of Ember (series)
Karen English	Francie
Jack Gantos	Joey Pigza Swallowed the Key (series)
John Reynolds Gardiner	Stone Fox
Patricia Reilly Giff	Pictures of Hollis Woods
Nikki Grimes	Meet Danitra Brown
Virginia Hamilton	Zeely
Juan Felipe Herrera	Laughing Out Loud, I Fly, Poems in English and Spanish
Betty Hicks	Out of Order
Jennifer L. Holm	Rock Star! (Babymouse series)
Debra and James Howe	Bunnicula
Paul B. Janeczko	Top Secret: A Handbook of Codes, Ciphers and Secret Writing
Dick King-Smith	Babe: The Gallant Pig
Jeff Kinney	Diary of a Wimpy Kid (series)
Kathleen Krull	Lives of the Musicians: Good Times, Bad Times, (And What the Neighbors Thought) • Marie Curie (Giants of Science series)

Grace Lin	The Year of the Dog
Lenore Look	Ruby Lu, Brave and True (series)
Lois Lowry	Gooney Bird Greene (series) • Number the Stars
Ann Martin	The Doll People
Megan McDonald	Stink: The Incredible Shrinking Kid
Sy Montgomery	Quest for the Tree Kangaroo
Sheila P. Moses	Sallie Gal and the Wall-a Kee Man
Walter Dean Myers	Jazz
Wendy Orr	Nim's Island
Mary Pope Osbourne	Dragon of the Red Dawn (Magic Tree House series)
Sara Pennypacker	Clementine (series)
Jack Prelutsky	My Dog May Be a Genius
James Rumford	Sequoyah: The Cherokee Man Who Gave His People Writing
Pam Munoz Ryan	Becoming Naomi Leon
Louis Sachar	Holes
Allan Say	Grandfather's Journey
Jon Scieszka	The Not-So-Jolly Roger (Time Warp Trio series)
Siena Cherson Siegel	To Dance: A Memoir
Judy Sierra	Antarctic Antics
Vandana Singh	Younguncle Comes to Town
Jeff Smith	Out from Boneville (series)
John Steptoe	Mufaro's Beautiful Daughters
Geronimo Stilton	The Curse of the Cheese Pyramid (series)
Jeff Stone	Tiger (The Five Ancestors series)
Catharine Thimmesh	Team Moon: How 400,000 People Landed Apollo 11 on the Moon
Wendelin Van Draanen	Sammy Keyes and the Hollywood Mummy (series)
Carole Boston Weatherford	Moses: When Harriet Tubman Led Her People to Freedom
E.B. White	Charlotte's Web
Jacqueline Woodson	Locomotion

সন্তানদেরকে নিয়ে আপনার জন্মগত ভাষায় পড়া ও লেখা তাদেরকে ইংরেজিতে পড়া ও লেখা শিখতে সহায়তা করবে (ইউএস ডিপার্টমেন্ট অব এডুকেশন, ১৯৯৭)।

আপনি জানেন কি...

৬–৮ গ্রেড

কিশোর-কিশোরীরা তাদের আত্মপরিচয় এবং অন্যদের সাথে তাদের সম্পর্ক আবিষ্কারের চেষ্টা করছে। তারা খুবই অস্থির, তারা কখনও কঠোর, কখনও ভীত, কখনও আত্মাশীল, কখনও সন্দিহান, কখনও মুখর, আবার কখনও সংকুচিত। পরিবার ও স্কুল কিশোর-কিশোরীদের নিরাপদ, প্রতিযোগিতাপূর্ণ এবং ন্যায়ভিত্তিক বিভিন্ন পরিবেশের আস্বাদ দিয়ে তাদেরকে অগ্রগতি অর্জনে সহায়তা করতে পারেন।

কিশোর-কিশোরীরা নতুন নতুন ধারণা পেতে আগ্রহী। তারা নতুন নতুন ধারণাগুলোকে তাদের সাথে মিলিয়ে নিয়ে শেখে: "আমার কাছে এগুলে কী অর্থ বহন করে?", "এগুলো আমার কাছে কেন অর্থবহ?"। অধিকাংশ ছেলেমেয়েরা এ বয়সে 'ন্যায়বিচার' এবং 'স্বাধীনতা' ইত্যাদি শব্দের মতো বিমূর্ত ধারণা নিয়ে ভাবনা-চিন্তা করা শুরু করে। এগুলো একটি সুন্দর, স্পষ্ট প্রক্রিয়ায় ঘটে না; তারা আগেরদিন হয়তো পরিবেশ রক্ষার আন্দোলনে অংশ নেয়, পরেরদিন হয়তো তারাই আবার রিসাইকেল করতে অনীহা প্রকাশ করে।

সাক্ষরতায় অগ্রগতি অর্জনে এই বয়সটা খুবই গুরুত্বপূর্ণ। কিশোর-কিশোরীরা স্কুলের বাইরে বন্ধু-বান্ধবদের সাথে মেলামেশা করে এবং যন্ত্রপাতি ব্যবহার করে বিশ্বের সাথে সংযোগ গড়ে তুলতে অনেক সময় ব্যয় করে। তারা ইন্সট্যান্ট ম্যাসেজ পাঠায়, গান শুনে, ফোনে আলাপ করে, ওয়েব সাইট পরিদর্শন করে এবং পুরো সময় জুড়ে একই সাথে হোমওয়ার্ক করে। এইসব যোগাযোগ কিশোর-কিশোদের নিজেদের ক্ষমতা সম্পর্কে জানা, বিভিন্ন পন্থায় নিজেদের প্রকাশ করা, পড়া এবং লেখার সাথে নিজেদের জীবনকে সম্পৃক্ত করা এবং তাদের নিজেদের বিশ্বের জন্য একটি ধারণা গড়ে তুলতে সহায়তা করে। ■

আপনি জানেন কি...

যেসব শিক্ষার্থী বলে যে তারা পড়তে ভালোবাসে, তারা সাধারণত খেলাধুলা, ক্লাব, কাজ এবং হোমওয়ার্ক নিয়ে এতোই ব্যস্ত থাকে যে তারা আনন্দ উপভোগের জন্য পড়া বন্ধ করে দেয়। অনেকে ম্যাগাজিনে প্রকাশিত প্রবন্ধ পড়ে বা ইন্টারনেটে আগ্রহের বিষয় দেখে সে অভাব পূরণ করে।

আপনারা বাড়িতে কী করতে পারেন?

কথা বলা ও শোনা

- সঙ্গীত ও ভিডিও গেম থেকে শুরু করে পোশাক-আশাক পর্যন্ত যেসব বিষয়ে আপনাদের কিশোর-বয়েসী ছেলেমেয়েরা আগ্রহী, তা নিয়ে তাদের সাথে কথা বলুন। তাকে দমিয়ে দেবেন না বা একেবারে নির্লিপ্ত থাকবেন না- শুধু কথা বলবেন।

- কোন বিষয়ে সে কী ভাবছে প্রশ্ন করবেন এবং তার উত্তর শুনবেন। তার মতামতের প্রতি গুরুত্ব দেবেন, তবে তার উত্তরে যুক্তি প্রত্যাশার করবেন।

পঠন

- আপনাদের নবীন টিন-এজারকে পড়তে এবং ছোট ভাইবোন বা দাদাদাদী-নানানানীদেরকে গল্প বলতে অনুপ্রাণিত করুন।

- তাকে বিভিন্ন উদ্দেশ্য সাধনের জন্য পড়াতে অনুপ্রাণিত করুন (যেমন, একজন জনপ্রিয় সঙ্গীত শিল্পী অথবা খেলাধুলার অনুষ্ঠান সম্পর্কে খোঁজ নেয়া)।

- সে যা পড়ছে বা লিখছে তার অর্থ সম্পর্কে চিন্তাভাবনা করতে অনুপ্রাণিত করুন।

- সে যা পড়ছে তা নিয়ে তার সাথে কথা বলুন। তাকে প্রশ্ন করুন এবং আপনার নিজের অভিজ্ঞতার সাথে পঠিত বিষয়ের সম্পর্কে তৈরি করুন।

- তার সাথে ঘনঘন লাইব্রেরিতে যাবেন। সে স্বাধীনভাবে পড়তে পারে, এমন পাঠ্য নির্বাচনে তাকে সহায়তা করুন।

- বিভিন্ন বিষয়ে (কল্পকাহিনি ও প্রবন্ধ-নিবন্ধ উভয় বিষয়ে) তাকে বছরে কমপক্ষে ২৫টি বই পড়তে অনুপ্রাণিত করুন।

- ছোটদের বই সংগ্রহে রাখবেন এবং আপনাদের মিড্‌ল্ গ্রেডের ছেলেমেয়েদেরকে সেগুলো পুনরায় পড়তে দেখলে অবাক হবেন না।

- বাড়িতে আরামদায়ক জায়গায় পড়ার ব্যবস্থা করবেন এবং আকর্ষণীয় বই, যেমন উপন্যাস, তথ্যমূলক বই, কমিক বই, ম্যাগাজিন এবং সংবাদপত্র ইত্যাদি সংগ্রহে রাখবেন।

লেখা

- আপনার কিশোর-কিশোরী সন্তানকে তার ব্যক্তিগত মতামত ও অনুভূতি প্রকাশে জার্নাল লিখতে অনুপ্রাণিত করুন ও তার গোপনীয়তার মর্যাদা দিন।

- একটি নীরব স্থান, রঙিন কালি, লেখার সরঞ্জাম (যেমন কম্পিউটার, অভিধান, উদ্ধৃতি বই ইত্যাদি) লেখায় অনুপ্রেরণা জাগানো বিষয় সন্তানের জন্য ব্যবস্থা করে দিন।

- সন্তানের লেখা রেফ্রিজারেটরে সেঁটে, বন্ধু-বান্ধক ও আত্মীয়দের কাছে কপি পাঠিয়ে বা পারিবারিক সমাবেশে বা আড্ডায় পাঠ বা আবৃত্তি করতে দিয়ে অনুপ্রাণিত করুন।

- সন্তানকে ইন্টারনেটে নিরাপত্তার সাথে অংশগ্রহণ করতে দিন। তাকে নিরাপদ ব্লগিং সাইট খুঁজতে, একটি ব্যক্তিগত পেজ তৈরি করতে বা ব্যক্তিগত তথ্য শনাক্ত না করে পারিবারিক ওয়েব পেজ তৈরি করতে, অনলাইনে টিন ম্যাগাজিনে সৃষ্টিধর্মী লেখা প্রকাশ করতে এবং মতবিনিময়ের জন্য উপযুক্ত ওয়েবসাইট দেখতে সহায়তা দিন। ■

স্কুলে কিশোরকিশোরীরা যা করতে পারে:

কথা বলা ও শোনা

- কীভাবে যত্নের সাথে শুনতে হয় তা শিখছে এবং সম্মানের সাথে অন্যদের প্রতি সাড়া দিচ্ছে।

- স্কুলে সহপাঠী ও শিক্ষকদের সাথে আলাপ-আলোচনায় ব্যস্ত থাকছে।

- কীভাবে কথা বললে (যেমন ব্যাঙ্গাত্মক, প্রেরণামূলক, রসাত্মক ইত্যাদি) মানুষ কেমন সাড়া দেয় ও তা অর্থ বহন করে, তা শনাক্ত করা।

- বিভিন্ন সূত্রে বিভিন্ন দৃষ্টিভঙ্গির তথ্য সংগ্রহ করা। কোন বিষয়ে সঠিক প্রমাণকে ভিত্তি করে শ্রোতাকে প্রভাবিত করার জন্য সেসব তথ্য ব্যবহার করা।

- বিভিন্নরূপে তথ্য উপস্থাপন করা (৫-৭ মিনিটের মৌখিক উপস্থাপনা, বক্তৃতা দেয়া, বিতর্ক করা, প্যানেল আলোচনায় অংশ নেয়া)।

পঠন

- সাহিত্য, তথ্যমূলক বই, জীবনী এবং ম্যাগাজিনে প্রকাশিত প্রবন্ধসহ প্রতিটি ক্লাসে বিভিন্ন বিষয়ে পড়া।

- শব্দের ধাতু ব্যবহার করা (যেমন ল্যাটিন থেকে উদ্ভূত শব্দ) এবং নতুন শব্দের অর্থ বের করতে সমরূপ শব্দ (উভয় ভাষায় কাছাকাছি অর্থবিশিষ্ট ২টি শব্দ) বের করা।

- তাদের প্রাতিষ্ঠানিক বিষয়ের পারিভাষিক শব্দ শেখা।

- তারা যা শিখছে তা অনুধাবন করার জন্য প্রশ্ন জিজ্ঞাসা করা, পুনরায় পড়া, তাদের জানা ধারণার সাথে তুলনা করা, ধারণার সার-সংক্ষেপ তৈরি করা, লেখকের দৃষ্টিভঙ্গি দৃশ্যমান বা ব্যাখ্যা করার কৌশল ব্যবহার করা।

- সময়ের পরিবর্তনের সাথে সাথে কীভাবে চরিত্রগুলো পরিবর্তিত হয় তা অনুধাবন করা।

- উপভোগের জন্য কমপক্ষে ২৫টি বই পড়া ও অনুধাবন করা।

- তারা যা পড়ছে, তার মূল্যায়ন করা: লেখাটি কী সুলিখিত? এটা কী যথার্থ? প্রধান প্রধান পয়েন্টগুলোর পেছনে লেখক কী পর্যাপ্ত প্রমাণ দিতে পেরেছেন?

- তারা ইতোমধ্যে যা জানে, তার সাথে এবং তাদের অভিজ্ঞতার সাথে তাদের পাঠ্য বিষয়েকে সংযুক্ত করা।

- বই সম্পর্কে তাদের এবং অন্যান্য শিক্ষার্থীদের সাথে ধারণা বিনিময়ের জন্য বুক-ক্লাব এবং অন্যান্য সুযোগ-সুবিধায় অংশগ্রহণ করে।

লেখা

- প্রতিটি ক্লাসে লেখার অনুশীলন করা।

- বই ও শিক্ষকের বক্তব্য থেকে নোট গ্রহণ।

- পঠিত সাহিত্য থেকে প্রশ্নোত্তর লেখা, লেখাগুলোর উপাদান নিয়ে তুলনা করা ও পার্থক্য যাচাই করা, তথ্য বিনিময় করা, একটি গল্প বলা, কবিতা বা নাটক কিংবা কাউকে প্রভাবিত করার জন্য লেখা।

- রচনা, প্রতিবেদন এবং অন্যান্য লিখিত বিষয় তৈরির জন্য বিভিন্ন সূত্র থেকে ধারণা, তথ্য এবং দৃষ্টিভঙ্গীর সম্মিলন ঘটানো।

- লেখা পরিকল্পনা ও সংগঠিত করার জন্য বিভিন্ন পদ্ধতি ব্যবহার করা (যেমন লেখকের নোটবুক, কাঠামো কিংবা বিস্তারিত বর্ণনা)।

- লেখা মার্জিত করার জন্য পুনরায় পড়া।

- প্রদর্শনী, স্কুলের সংবাদপত্র, লেখা প্রতিযোগিতা, নাটক বা মৌখিক প্রতিবেদন হিশেবে লেখা প্রকাশ করা বা অনুষ্ঠানে উপস্থাপন করা। ■

সুপারিশকৃত বই: ৬–৮ গ্রেড

এখানে কিশোর-কিশোরীদের উপযোগী একই বই ও লেখকদের তালিক দেয়া হলো। ষষ্ঠ, সপ্তম ও অষ্টম গ্রেডের শিক্ষার্থীরা এখনও ভালো কোন বই পাঠ শুনে আনন্দ লাভ করে। এছাড়া তারা নিজে নিজে বই পড়তেও পছন্দ করে।

আপনার লাইব্রেরিয়ান বা কোন শিক্ষককে ভালো বই সুপারিশ করতে বলুন।

এসব এবং অন্যান্য বইয়ের কপি আপনি কোথায় পাবেন?

- আপনার সন্তানের স্কুল লাইব্রেরিতে
- ক্লাসরুম লাইব্রেরিতে
- আপনার আশেপাশের পাবলিক লাইব্রেরিতে।

Nick Abadzis	Laika
Lloyd Alexander	The Book of Three
Avi	Nothing But the Truth: A Documentary Novel
Susan Campbell Bartoletti	Hitler Youth: Growing Up in Hitler's Shadow
Joan Bauer	Hope Was Here • Rules of the Road
Ismael Beah	A Long Way Gone: Memoirs of a Boy Soldier
Lori M. Carlson, editor	Cool Salsa: Bilingual Poems on Growing Up Latino in the United States • Red Hot Salsa: Bilingual Poems on Being Young and Latino in the United States
Cecil Castellucci	The Plain Janes
Sook Nyul Choi	Year of Impossible Goodbyes
Andrew Clements	Things Not Seen
Eoin Colfer	Artemis Fowl
Susan Cooper	The Dark Is Rising (series)
Bruce Coville	Jeremy Thatcher, Dragon Hatcher
Curtis L. Crisler	Tough Boy Sonatas
Chris Crutcher	Ironman
Christopher Paul Curtis	Bucking the Sarge • The Watsons Go to Birmingham, 1963
Karen Cushman	Catherine, Called Birdy
Deborah Ellis	The Breadwinner
Nancy Farmer	The House of the Scorpion
Sharon Flake	The Skin I'm In
Anne Frank	The Diary of a Young Girl
Neil Gaiman	Coraline

John Grandits	Blue Lipstick: Concrete Poems
Nikki Grimes	The Road to Paris
S.E. Hinton	The Outsiders
Jennifer Holm	Middle School Is Worse Than Meatloaf: A Year Told Through Stuff
Anthony Horowitz	Stormbreaker
Lois Lowry	The Giver
Kirsten Miller	Kiki Strike : Inside the Shadow City
Nicholasa Mohr	El Bronx Remembered
Walter Dean Myers	What They Found: Love on 145th Street • 145th Street: Short Stories • Scorpions
Beverley Naidoo	The Other Side of Truth
Garth Nix	Sabriel
Linda Sue Park	When My Name Was Keoko
Katherine Paterson	Bridge to Terabithia
Gary Paulsen	Brian's Hunt • Lawn Boy
Richard Peck	A Long Way from Chicago
Philip Pullman	The Golden Compass
Pam Munoz Ryan	Esperanza Rising
Graham Salisbury	Eyes of the Emperor • Lord of the Deep
Gary D. Schmidt	The Wednesday Wars
Jon Scieszka	Knucklehead: Tall Tales and Mostly True Stories of Growing Up Scieszka
Brian Selznick	The Invention of Hugo Cabret
William Sleator	Oddballs: Stories
Gary Soto	Baseball in April and Other Stories
Suzanne Fisher Staples	Shabanu: Daughter of the Wind
Shaun Tan	The Arrival
Lauren Tarshis	Emma-Jean Lazarus Fell Out of a Tree
Mildred D. Taylor	Roll of Thunder, Hear My Cry
Rachel Vail	If We Kiss
Scott Westerfeld	Uglies
Jacqueline Woodson	Feathers • Miracle's Boys
Ma Yan	The Diary of Ma Yan: The Struggles and Hopes of a Chinese School Girl
Markus Zusak	Fighting Ruben Wolfe

যেসব কিশোর-কিশোরী স্কুল বন্ধ হওয়ার পর অন্তর্বর্তী দিনগুলোতে পড়া অব্যাহত রাখে, তারা পড়ার ক্ষমতা না হারিয়ে গ্রীষ্মের পর পুনরায় স্কুল শুরু করে।

৯-১২ গ্রেড

অধিকাংশ মানুষের ক্ষেত্রে হাই স্কুল বন্ধু-বান্ধবদের মধ্য থেকে নিজের অবস্থানকে আবিষ্কার করা থেকে বিশ্ব প্রেক্ষাপটে নিজের অবস্থানকে আবিষ্কার করার মতো একটি পরিবর্তনের সময়। পরিবারের সদস্য, কলেজের শিক্ষার্থী, চাকরিজীবী এবং নাগরিক হিশেবে সকল চ্যালেঞ্জ মোকাবেলার জন্য হাই স্কুল শিক্ষার্থীদের উন্নততর সাক্ষরতা দক্ষতা শিখতে হবে।

এই পর্যায়ে তরুণ-তরুণীরা নিজেরা যা পড়ছে এবং জীবনে যা দেখছে, তার মধ্যে এতটি সম্পর্ক আবিষ্কার করতে পারে। এচাড়া তারা লেখার বিভিন্ন কারণও আবিষ্কার করে: রিজ্যুমে, কলেজের আবেদন ও ডায়েরি। প্রযুক্তি সবার সাথে সংযোগের এবং বিশ্ব সম্পর্কে জানার জন্য একটি গুরুত্বপূর্ণ উপকরণে পরিণত হয়েছে।■

সাক্ষরতার জন্য পরামর্শ

নিচের বিষয়গুলোর নিশ্চয়তা দিয়ে তরুণ-তরুণীদের সাক্ষরতার উন্নয়নে সহায়তা দিন:

বেছে নেয়ার ক্ষমতা

তরুণ-তরুণীরা যখন বাছাই করার ক্ষমতা লাভ করে, তখন তারা লেখাপড়ায় বেশি উদ্দীপ্ত হয়। তারা স্বাধীনভাবে পড়ার জন্য নিজেরা বই বাছাই করতে, গবেষণার জন্য বিষয় বাছাই করতে এবং লেখার ক্ষেত্রে কীভাবে ও কোথায় তারা মতবিনিময় করবে, সেগুলো বেছে নিতে পছন্দ করে। বহু হাই স্কুল শিক্ষার্থী এই বয়সে বড়দের বই পড়তে ও উপভোগ করতে শুরু করে।

অভিমত

বয়স্ক টিন-এজাররা প্রকাশ্যে নিজেদের অভিমত জানায় এবং তারা প্রত্যাশা করে যে তাদের মতামত শোনা হবে এবং তার গরুত্ব দেয়া হবে। তারা আলাপ-আলোচনা থেকে শুরু করে প্রকাশিত লেখাসহ নানাভাবে তাদের মতামত জানায়।

সামাজিক মতবিনিময়

বেশি বয়সের কিশোর-কিশোরীদের সবচেয়ে শক্তিশালী সাক্ষরতা দক্ষতা পেতে হলে সচরাচর প্রয়োজন হয় অন্যান্য কিশোর-কিশোরীদের সাথে মতবিনিময়, বিভিন্ন দৃষ্টিভঙ্গী সম্পর্কে জানা এবং গুরুত্বের সাথে মতবিনিময় করা।

আত্মবিশ্বাস

কিশোর-কিশোরীরা সবার সামনে নিজেকে যখন সক্ষম ব্যক্তি হিশেবে উপস্থাপিত করতে পারে, তখন নিজেদেরকে মূল্যবান ও আত্মবিশ্বাসী মনে করে। ■

আপনি বাড়িতে কী করতে পারেন?

কথা বলা ও শোনা

- আপনার কিশোর-কিশোরী সন্তান কী পড়ছে, কী শুনছে এবং কী অধ্যয়ন করছে, তা জিজ্ঞাসা করুন। তাদের উত্তর খেয়াল করে শুনুন। হোমওয়ার্ক নিয়ে কথা বলুন।
- পারিবারিক গল্প বলুন।
- সংবাদপত্রে ছাপা আগ্রহব্যঞ্জক প্রবন্ধের কথা উল্লেখ করবেন এবং সেগুলো নিয়ে একসাথে আলোচনা করবেন।
- একসাথে টেলিভিশনের অনুষ্ঠান দেখবেন এবং আপনাদের প্রতিক্রিয়া ব্যক্ত করবেন।

পঠন

- আপনার কিশোর-কিশোরী সন্তানকে কনিষ্ট ভাইবোনদের কাছে গল্প পাঠ করতে এবং তাদেরকে ইন্টারনেট থেকে তথ্য সংগ্রহ করতে সহায়তা করতে অনুপ্রাণিত করবেন।
- তাকে বছরে কমপক্ষে ২৫টি বই বুঝি পড়তে অনুপ্রাণিত করবেন।
- তাকে ব্যক্তিগত ও লেখাপড়া সংক্রান্ত উভয় বিষয়ে প্রশ্নে উত্তর পেতে সহায়তা করুন।
- হোমওয়ার্ক, পড়া এবং লেখার সময় সময় ও জায়গা নির্দিষ্ট করে দিন।
- হোমওয়ার্ক, স্কুলের নিউজলেটার, প্যারেন্টস্‌ নাইট, স্কুলে শিক্ষকদের সাথে দেখা করা ও কথা বলার মাধ্যমে সন্তানের স্কুল সম্পর্কে জানা।
- নিশ্চিত করবেন যে বাড়িতে সবার লাইব্রেরি কার্ড আছে এবং আপনি সচরাচর পরিবারের সাথে লাইব্রেরিতে যাতায়াত করেন।
- সে যা পড়ছে তা পড়বেন এবং কোন বিচার না করে বা সেগুলোকে খাটো না করে তা নিয়ে আলোচনা করবেন।

লেখা

- আপডনার কিশোর-কিশোরী সন্তানকে তাদের ভাবনা-চিন্তা, অনুভূতি এবং অভিজ্ঞতা নিয়ে জার্নাল লিখতে অনুপ্রাণিত করুন। তার গোপনীয়তার মর্যাদা দিন।
- তার সঙ্গে লেখা বিনিময় করুন যাতে চিন্তা-ভাবনা, দ্বন্দ্ব এবং অনুভূতি সম্পর্কে মতবিনিময় হবে।
- লেখার জন্য সহায়ক সরঞ্জাম (যেমন কম্পিউটার, কাগজ, কলাম ও রেফারেন্স বই যেমন অভিধান, উদ্ধৃতি বই ইত্যাদি) জোগান দেবেন।
- কম্যুনিটির বিভিন্ন রচনা প্রতিযোগিতা, কম্যুনিটি সংবাদপত্র এবং সম্পাদকের কাছে লেখা চিঠিপত্র- ইত্যাদিতে প্রকাশের মাধ্যমে সবাইকে পড়ার জন্য লেখা প্রকাশ করতে অনুপ্রাণিত করুন। ■

সাক্ষরতার জন্য পরামর্শ

আপনার তরুণ-তরুণী সন্তানকে পড়তে অনুপ্রাণিত করা

আপনার তরুণ-তরুণী সন্তানকে স্বাধীনভাবে পড়তে কী করে অনুপ্রাণিত করবেন:

- সে কী পড়বে তা তাকে বেছে নিতে দিন। তথ্যপুস্তিকা, ম্যাগাজিন, সংবাদপত্র, রসাত্মক বই, কমিক বই এবং সচিত্র কমিকধর্মী বই এবং কল্পকাহিনির প্রতি তরুণ-তরুণীদের পক্ষপাতিত্ব থাকতে পারে।
- পড়ার যে বিভিন্ন রকমফের আছে, তার স্বীকৃতি দিন। ব্যস্ত তরুণ-তরুণী দ্রুততার সাথে ম্যাগাজিনের পাতা উল্টাবে, হেডলাইন পড়বে, ছবি দেখবে এবং কখনও পুরো একটি প্রবন্ধ পড়বে। এ ধরনের পড়া খুবই আনন্দদায়ক এবং তা সব সময় আরও পড়তে আগ্রহ জোগায়।
- সে যা পড়ছে, তা নিয়ে তার সাথে কথা বলুন। সে যে ধারণা লাভ করেছে, তা জানার সুযোগ তাকে দিন।
- চলচ্চিত্রে বা টিভি শোতে রূপায়িত করা হয়েছে এমন বই তাকে পড়তে অনুপ্রাণিত করুন। চলচ্চিত্র বই থেকে কীভাবে ভিন্ন, সে ব্যাপারে তাকে প্রশ্ন করুন।
- লাইব্রেরি থেকে তার প্রিয় বই বেছে নিতে লাইব্রেরিয়ানকে সহায়তা দিতে বলুন। তরুণ-তরুণীরা সাধারণত তাদের বন্ধুদের পরামর্শে অনুপ্রাণিত হয়ে বই বাছাই করে থাকে।
- তার প্রিয় বিষয়ে বই পড়তে তাকে অনুপ্রাণিত করুন। অনেক নবী তাদের জীবনের সাথে সম্পর্কিত বিষয়ে বই পড়তে পছন্দ করে। তারা শুধু আনন্দের জন্যে না পড়ে কোন নির্দিষ্ট উদ্দেশ্য হাসিলের জন্য বই পড়ে।
- তাকে পড়ার লক্ষ্য নির্দিষ্ট করায় এবং সে লক্ষ্য বাস্তবায়ন করায় সহায়তা দিন।■

স্কুলে তরুণ-তরুণীরা হয়তো:

কথা বলছে ও শুনছে

- প্রশ্ন করছে, তারা যা শুনেছে, তা পুনর্ব্যক্ত করছে এবং ভিন্নমত জানিয়ে দিচ্ছে।
- মৌখিক রিপোর্ট উপস্থাপন করছে এবং প্রমাণ ও ঘটনা বর্ণনা করে সব বিষয়ে তার নিজের মত জানাচ্ছে।
- অন্যদের কথা গুরুত্বের সাথে শুনছে।
- সহপাঠীদের সাথে মতবিনিময় করছে।
- অনানুষ্ঠানিক আলোচনা থেকে আনুষ্ঠানিক বক্তৃতা পর্যন্ত বিভিন্ন ধরনের আলাপ-আলোচনায় অংশগ্রহণ করছে।

পঠন

- কবিতা, প্রবন্ধ এবং বিভিন্ন বিষয়ে কল্পকাহিনি পড়ছে।
- নতুন ধারণা ও চিন্তার বিভিন্ন প্রক্রিয়া জানার জন্য পড়ছে।
- তাদের নিজেদের জীবন, তাদের মোহ এবং তাদের প্রাতিষ্ঠানিক আগ্রহের বিষয়ের সাথে সংশ্লিষ্ট বিষয় অনুসন্ধান করছে।
- বুক-ক্লাব, সাহিত্য-চক্র এবং অন্যান্য অনুষ্ঠানে বই নিয়ে আলোচনায় অংশ নিচ্ছে।
- তাদের ক্লাসে পড়া সব বিষয়ের মূল বিষয় জানার জন্য পড়ছে।
- তারা যা পড়ে, সেগুলো পক্ষপাতহীন, যথার্থ এবং পূর্ণাঙ্গ কী না, তা মূল্যায়ন করছে।

সুপারিশকৃত বই: ৯–১২ গ্রেড

এখানে কিশোর-কিশোরীদের উপযোগী একই বই ও লেখকদের তালিকা দেয়া হলো। আপনার লাইব্রেরিয়ান বা কোন শিক্ষককে ভালো বই সুপারিশ করতে বলুন।

এসব এবং অন্যান্য বইয়ের কপি আপনি কোথায় পাবেন?

- আপনার সন্তানের স্কুল লাইব্রেরিতে
- ক্লাসরুম লাইব্রেরিতে
- আপনার আশেপাশের পাবলিক লাইব্রেরিতে

Douglas Adams	The Hitchhiker's Guide to the Galaxy
Sherman Alexie	The Absolutely True Diary of a Part-Time Indian • Smoke Signals
Isabel Allende	The House of the Spirits
Julia Alvarez	In the Time of Butterflies
Laurie Halse Anderson	Speak
Maya Angelou	I Know Why the Caged Bird Sings
Jay Asher	Thirteen Reasons Why
James Baldwin	If Beale Street Could Talk
Coe Booth	Tyrell
Kalisha Buckhanon	Upstate
Octavia Butler	Kindred
Orson Scott Card	Ender's Game
Chris Crutcher	Whale Talk
Rachel Cohn	Gingerbread
Donald Davis	Listening for the Crack of Dawn
Sarah Dessen	This Lullaby
Jenny Downham	Before I Die
Sharon Draper	Copper Sun
Buchi Emecheta	The Bride Price
Sharon G. Flake	Who Am I Without Him?
Paul Fleischman	Whirligig
Neil Gaiman	Neverwhere
Ernest J. Gaines	A Lesson Before Dying
Donald R. Gallo, editor	Ultimate Sports: Short Stories by Outstanding Writers for Young Adults
K.L. Going	Fat Kid Rules the World
John Green	Looking for Alaska
Mark Haddon	The Curious Incident of the Dog in the Night-Time
Terry Spencer Hesser	Kissing Doorknobs
Will Hobbs	Far North
Khaled Hosseini	The Kite Runner

Langston Hughes	The Collected Poems of Langston Hughes
Zora Neale Hurston	Mules and Men •Their Eyes Were Watching God
Angela Johnson	The First Part Last
Sue Monk Kidd	The Secret Life of Bees
Ursula Le Guin	The Left Hand of Darkness
Julius Lester	Day of Tears: A Novel in Dialogue
David Levithan	Boy Meets Boy
E. Lockhart	The Disreputable History of Frankie Landau-Banks
Chris Lynch	Inexcusable
Anne McCaffrey	Dragonsong
Frank McCourt	Angela's Ashes: A Memoir
Patricia McCormick	Sold
Walter Dean Myers	Bad Boy: A Memoir • The Beast
An Na	A Step from Heaven
Naomi Shihab Nye	19 Varieties of Gazelle: Poems of the Middle East
Tsugumi Ohba	Death Note (series)
Gary Paulsen	The Beet Fields
Ernesto Quinonez	Bodega Dreams
Aron Ralston	Between a Rock and a Hard Place
Dana Reinhardt	Brief Chapter in My Impossible Life
Robert Alden Rubin	Poetry Out Loud
René Saldaña	The Whole Sky Full of Stars
Marjane Satrapi	Persepolis
Elizabeth Schmidt, editor	Poems of New York
Eric Schlosser and Charles Wilson	Chew on This: Everything You Don't Want to Know About Fast Food
Dai Sijie	Balzac and the Little Chinese Seamstress: A Novel
Sonya Sones	What My Mother Doesn't Know
Art Spiegelman	Maus I and II
John Steinbeck	Of Mice and Men
J. R. R. Tolkien	Lord of the Rings
Jean Toomer	Cane
Marta Moreno Vega	When the Spirits Dance Mambo
Ned Vizzini	It's Kind of a Funny Story
Jeannette Walls	The Glass Castle: A Memoir
Jacqueline Woodson	If You Come Softly
Richard Wright	Black Boy
Gene Luen Yang	American Born Chinese
Declare Yourself	Declare Yourself: Speak. Connect. Act. Vote. More Than 50 Celebrated Americans Tell You Why
Sara Zarr	Story of a Girl
Markus Zusak	The Book Thief

- নবম গ্রেডের শুরুতে তাদের আগ্রহ, মেধা ও স্বপ্নের সাথে মিল সম্পন্ন কলেজ ও পেশার সুযোগ সম্পর্কে খোঁজ-খবর নিচ্ছে।
- তথ্য লাভের জন্য চার্ট, ডায়াগ্রাম, টেবিল ও গ্রাফ ব্যবহার করছে।
- ভাষা ব্যবহার করে বুঝানো হয়নি, এমন বিষয় অনুমান করে বের করছে।

লেখছে

- প্রতিটি ক্লাসে লেখছে।
- লেখা পর্যালোচনা ও সম্পাদনা করতে একসাথে কাজ করছে।
- তাদের লেখার জন্য কবিতা, গল্প, প্রবন্ধ, চিঠিপত্র, জার্নাল, নাটক এবং গবেষণাপত্রসহ বিভিন্ন ধরনের প্রকাশমাধ্যম পরখ করছে।
- প্রথমে খসড়া লেখে এবং তারপরে তার ধারণার প্রকাশভঙ্গী ও ভাষা ব্যবহারকে সমৃদ্ধ করার জন্য সে লেখাটি পর্যালোচনা করে মানসম্পন্ন লেখা তৈরি করছে।
- তাদের লেখা প্রকাশ করছে ও অনুষ্ঠানে উপস্থাপন করছে।
- বিভিন্ন ধরনের গুরুত্বপূর্ণ বিষয়ে গল্প বলা, সম্পাদককে কাছে চিঠি লেখা, ইত্যাদির মাধ্যমে পাঠকদের কাছে নিজেদেরকে তুলে ধরছে। ■

আমার সন্তানের লেখাপড়ার ব্যাপারে কোন্ বিশেষ পরামর্শ আমাকে সাহায্য করবে?

পঠনে সমস্যাগ্রস্তদের জন্য সহায়তা

ভীত হবেন না!

কখনও ছেলেমেয়েরা সহজে পড়ালেখা শেখে না এবং আপনাদের সন্তান সমস্যাগ্রস্ত হতে পারে। এখানে কিছু উল্লেখ করা হলো যা দিয়ে আপনারা তাদের সহায়তা করতে পারেন:

- তাকে পড়ে শোনানো অব্যাহত রাখুন। পড়াকে নিয়মিত এবং পারিবারিক আনন্দ উপভোগের মাধ্যম হিশেবে পরিণত করুন। তাকে দেখতে দিন আপনি এবং অন্যান্য গুরুত্বপূর্ণ সকলেই নিয়মিত বই, ম্যাগাজিন এবং সংবাদপত্র পড়ছেন।

- তাকে বাড়িতে পড়তে অনুপ্রাণিত করুন। বাড়িতে হাতের কাছে আগ্রহব্যঞ্জক বই ও ম্যাগাজিন রাখবেন এবং সন্তানকে পড়ার জন্য সময় ও জায়গা নির্ধারণ করে দিন। তরুণ-তরুণীরা যতো পড়বে, তারা ততো ভালো পড়া শিখবে।

- তাকে স্কুল বা পাবলিক লাইব্রেরি থেকে বিভিন্ন ধরনের পাঠ বিষয় নির্বাচন করতে দিন। এগুলোর মধ্যে অডিও বুক, উপন্যাস, ই-বুক, কাহিনিমূলক বই, ম্যাগাজিন, কমিক বই, সচিত্র উপন্যাস এবং শিশুদের বই অন্তর্ভুক্ত হতে পারে।

- আপনার বাড়ির ভাষা যা-ই হোক, সপ্তাহে কয়েকবার তাকে পড়ে শোনাবেন এবং তার সাথে পড়বেন। যতো বেশি কথা সে শুনবে, সে ততো বেশি শিখতে এবং নিজের অভিব্যক্তি প্রকাশ করতে সক্ষম হবে।

- সন্তানের শিক্ষকের সাথে কথা বলুন, এতে আপনার সন্তানের কাছে তাদের প্রত্যাশা সম্পর্কে জানতে পারবেন।

- যেসব স্কুল ছুটি পরবর্তী টিউটরিং ও অন্যান্য বিশেষ সহায়তা পাওয়া যাবে, সেগুলো সম্পর্কে খবর নিন (শিক্ষক, স্কুলের প্রিন্সিপ্যাল কিংবা প্যারেন্ট কোঅর্ডিনেটরকে জিগ্যেস করুন)।

- বিভিন্ন কম্যুনিটি সংগঠনের দেয়া স্কুল ছুটি পরবর্তী বা গ্রীষ্মকালীন কর্মকাণ্ডের সুযোগ নিন (এই নির্দেশিকার শেষে সংযোজিত তথ্য-উপকরণ অংশে দেখুন)। পাবলিক লাইব্রেরির সামার রিডিং ক্লাব-এর মতো অসংখ্য কর্মসূচির জন্য কোন অর্থ ব্যয় করতে হয় না।

- যেসব বইয়ে ছবিসহ বর্ণনা দেয়া থাকে, সেগুলো পড়ার সুযোগ দিন। অনেক লাইব্রেরিতে উপভোগের জন্য বিভিন্ন ধরনের চিত্রসম্বলিত উপন্যাস, অলঙ্করণকৃত তথ্যপুস্তিকা ও ছবির বই পাওয়া যায় যা তরুণ-তরুণীদের কাছে আগ্রহব্যঞ্জক।

- তাকে কবিতা, ছোট গল্প, আত্মজীবনী, স্মৃতিকথা, প্রবন্ধ এবং উপন্যাসসহ ঐতিহাসিক কল্পকাহিনি পড়তে দিন।

সাক্ষরতা ও প্রযুক্তি

সাক্ষরতায় সহায়তা দেয়ার সাথে সাতে শেখা ও খেলার জন্য পরিবারের প্রতি প্রযুক্তি বিভিন্ন নতুন নতুন সুযোগ প্রদান করে।

টেলিভিশন / ভিডিও / চলচ্চিত্র

আপনি যখন টিভি বা চলচ্চিত্র দেখেন, আপনি তখন তার সাক্ষরতায় সহায়তা দিতে পারেন:

- আপনার সন্তান বুঝতে পারে কী না, তার জন্য তাকে সাথে নিয়ে দেখা ও প্রশ্ন করা।

- তাকে নিজের থেকে প্রশ্ন করতে অনুপ্রাণিত করে।

- অনুষ্ঠানটিতে যে ধারণার প্রকাশ করা হয়েছে, সেটি নিয়ে কথা বলে।

- যে ছবি বা অনুষ্ঠান দেখলেন, একজন চলচ্চিত্র সমালোচকের মতো তার সমালোচনা করে, অন্য ছবি বা অনুষ্ঠানের সাথে এর তুলনা করে এবং এই ছবি বা অনুষ্ঠানের ভালোমন্দ সম্পর্কে মতামত দিয়ে বা মূল্যায়ন করে।

- অনুষ্ঠানটিকে তার নিজের জীবনের অভিজ্ঞতার সাথে মিল দেখিয়ে।

ইন্টারনেটে তথ্য অনুসন্ধানে

ইন্টারনেটে রয়েছে বিশাল তথ্যের সংগ্রহ, তবে তার সবকিছুই যথার্থ ও নির্ভরযোগ্য নয়।

আপনারা ইন্টারনেট থেকে নির্ভরযোগ্য তথ্য পেতে আপনার সন্তানকে সাহায্য করতে পারেন:

- অনলাইনের তথ্যভাণ্ডারে প্রবেশ করতে (যেমন ম্যাগাজিনে প্রকাশিত প্রবন্ধ এবং জ্ঞানকোষ০ আপনাদের লাইব্রেরি কার্ড ব্যবহার করে।

- কোন বিষয়ে তথ্য অনুসন্ধান করার জন্য সবচেয়ে লাগসই শব্দ বের করতে তাকে সহায়তা দিয়ে।

- ভিন্নমত সম্পর্কে এবং তথ্য লাভের বিভিন্ন সূত্র সম্পর্কে তাকে জানতে অনুপ্রাণিত করুন।

- তাকে প্রাপ্ত তথ্য মূল্যায়ন করতে এবং প্রাপ্ত তথ্য সম্পর্কে প্রশ্ন করতে সহায়তা দিন।

- সেটা কে লিখেছে এবং কেন লিখেছে? লেখক ঘটনাবলি কীভাবে জেনেছেন, সে ব্যাপারে কিছু জানিয়েছেন কী? আলোচ্য বিষয় সম্পর্কে অন্যান্য তথ্যের সাথে প্রাপ্ত তথ্যের সামঞ্জস্য আছে কী?

- আপনার সন্তান কম্পিউটারে যে তথ্য দেখছে, তার প্রতি মনোযোগ দিন। আপনি নিজে যদি কম্পিউটার সম্পর্কে খুব একটা না জানেন, তাহলে সে যা শিখেছে, আপনাকে তা শেখাতে বলুন।

- সেসব ওয়েবসাইট ব্যবহার করুন যেগুলো ছেলেমেয়েদের ইন্টারনেটে অনুসন্ধানে সহায়তা দিতে তৈরি করা হয়েছে:
  - আস্ক ফর কিড্স্ (www.askkids.com)
  - হোমওয়ার্ক এনওয়াইসি (www.homeworknyc.org)
  - কিড্স্ক্লিক (www.kidsclick.org)
  - ইয়াহুকিড্স্ (kids.yahoo.com)

- সেসব ওয়েবসাইট ব্যবহার করুন যেগুলো ছেলেমেয়েদের জন্য নিরাপপদ এবং উপযোগী সাইটের সুপারিশ দেয়।
  - অসাম লাইব্রেরি ফর কিড্স্ (www.awesomelibrary.org/student.html)
  - বেরিট্স্ বেস্ট সাইট্স্ ফর চিল্ড্রেন (www.beritsbest.com)
  - গ্রেট ওয়েব সাইট্স্ ফর কিড্স্ (www.ala.org/greatsites)
  - প্যারেন্টস্ চয়েস অ্যাওয়ার্ডস্ (www.parents-choice.org/allawards.cfm)

ইন্টারনেটের মাধ্যমে যোগাযোগ করা

ইন্টারনেট মানুষে মানুষে সংযোগ প্রতিষ্ঠার জন্য নানান সুযোগসুবিধা প্রদান করে। তরুণ-তরুণীরা সাধারণত স্কুল ছুটির পর বন্ধুবান্ধবদের সাথে ইমেইল ও অনলাইটে চ্যাট করে। আপনার সন্তান যে নিরাপদে ও যথার্থ প্রক্রিয়ায় ইন্টারনেট ব্যবহার করছে সেটা নিশ্চিত করা আপনার জন্য গুরুত্বপূর্ণ। যেসব ছেলেমেয়ের সেলফোন রয়েছে, তাদের বেলাতেও এই নিয়ম প্রযোজ্য।

আপনি জানেন কি...

গবেষণায় দেখা গেছে যে দ্বিতীয় ভাষা শিক্ষার্থীদের জন্য শব্দ-ভাণ্ডারই হলো প্রাতিষ্ঠানিক সাফল্যের একমাত্র শক্তিশালী নির্দেশিকা (কেইট কিনসেলা, ২০০৫)।

- অনলাইনে আপনার সন্তান কার সাথে যোগাযোগ করছে, তা জানুন।

- নিশ্চিত করুন যে সে তার ব্যক্তিগত গোপনীয় তথ্য কাউকে দিচ্ছে না।

- নিশ্চিত করুন যে সে অনলাইনে শুধুই উপযুক্ত চ্যাট সাইট ব্যবহার করে।

অডিও বুক ও ডাউনলোডযোগ্য উপকরণ

টেপ বা সিডি অথবা যে কোন ইলেকট্রনিক ফর্ম্যাটের বই লাইব্রেরি বা বইয়ের দোকানে পাওয়া যায়। এগুলো গাড়িতে, ট্রেনে বা অন্য যেখানে একটি প্লেয়ার নেয়া যায়, সেখানেই শোনা বা দেখা সম্ভব।

পাবলিক ও স্কুল লাইব্রেরিতে অধিকসংখ্যক ইলেকট্রনি বই (ই-বুক) পাওয়া যাচ্ছে। সেসব আপনার কম্পিউটারে ধার নেয়া ও ডাউনলোড করা যায়। ধার নেয়ার মেয়াউ উত্তীর্ণ হওয়ার পর সেগুলো নিজে নিজেই কম্পিউটার থেকে মুছে যাবে এবং লাইব্রেরিতে ফেরত দেয়া হবে।

অ্যান্ড্রু হেস্কেল ব্রেইল এবং টকিং বুক লাইব্রেরি (http://talkingbooks.nypl.org/) বুক্স্-বাই ইমেইল কর্মসূচি চালু করেছে যা হাজার হাজার রেকর্ড ও ব্রেইল করা বই ডাকমাশুল ছাড়া বই বিলি করছে। অন্ধত্ব, অস্বচ্ছ দৃষ্টি, শারীরিক প্রতিবন্ধিত্ব বা অঙ্গা-প্রত্যঙ্গা বৈকল্যজনিত পাঠ-প্রতিবন্ধিতার কারণে (যেমন ডিসলেক্সিয়া) প্রচলিত কাগজে ছাড়া বই পড়তে অসুবিধা হয় এ ধরনের সকল বয়সী নিউ ইয়র্ক সিটি ও লং আইল্যান্ডের বাসিন্দাগণ এই পরিষেবা লাভের যোগ্য। আরও তথ্যের জন্য এই নির্দেশিকার শেষ অংশের ‘তথ্য-উপকরণ’ দেখুন। ■

তথ্য–উপকরণ

পারিবারিক সাক্ষরতা জোরদার করার জন্য কম্যুনিটির সহায়তা

অাপনি একা নন। লাইব্রেরি, বিনোদন বিভাগ, পার্ক, শিল্পকলা ও তরুণ-তরুণীদের জন্য কর্মসূচি এবং কম্যুনিটিভিত্তিক সংগঠনসহ কম্যুনিটিতে অনেক উপকরণ রয়েছে যারা তরুণ-তরুণীদের সমৃদ্ধিমূলক ও সাক্ষরতা কর্মসূচির ব্যবস্থা করে থাকে।

গ্রীষ্মকালের কর্মসূচি বিশেষ গুরুত্বপূর্ণ কারণ এর মাধ্যমে শিক্ষার্থীরা স্কুল বছর জুড়ে যা শিখে, সেগুলোকে স্থায়ী করতে শিক্ষার্থীদের সহায়তা দিয়ে থাকে। পাবলিক লাইব্রেরিগুলো সামার রিডিং প্রোগ্রামের সুপারিশকৃত বইয়ের তালিকা, কর্মকাণ্ড এবং বুকমোবাইল-এর মতো প্রচারণামূলক অভিযান স্পনসর করে থাকে। পিতামাতাদেরকে পড়াকে অনুপ্রাণিত করার উদ্দেশ্যে পাবলিক লাইব্রেরি পরিচালিত কর্মসূচি এবং পরামর্শ সম্পর্কে আরও তথ্যের জন্য পাবলিক লাইব্রেরিসমূহের সাথে যোগাযোগ করুন। ■

অ্যান্ড্রু হেস্কেল ব্রেইল এবং টকিং বুক লাইব্রেরি
দৃষ্টিপ্রতিবন্ধী ও পাঠ-প্রতিবন্ধীদের জন্য পরিষেবা
40 West 20th Street
New York, NY 10011
ফোন: 212-206-5400
শ্রবণ-প্রতিবন্ধীদের জন্য: 212-206-5458
২৪ ঘন্টার কণ্ঠ-বার্তা রাখার জন্য: 212-206-5425
http://talkingbooks.nypl.org or talkingbooks.nypl.org

ব্রুকলিন পাবলিক লাইব্রেরি
পূর্ণাঙ্গ লাইব্রেরি পরিষেবা, সামার রিডিং প্রোগ্রাম, বইয়ের তালিকা, বয়স্কদের ইংলিশ অ্যাজ অ্যা সেকেন্ড ল্যাঙ্গুয়েজ এবং বয়স্ক শিক্ষা কর্মসূচি
ফোন: 718-230-2100
www.brooklynpubliclibrary.org/kids/
www.brooklynpubliclibrary.org/teens/
brooklynpubliclibrary.org/first5years

হোমওয়ার্ক এনওয়াইসি
একটি হোমওয়ার্কে সহায়ক ওয়েব-সাইট
www.homeworknyc.org/

লার্নিং লিডার্স
পিতামাতা ও শিক্ষার্থীদের সাক্ষরতা ও কর্মসূচি ও তথ্য-উপকরণ সংক্রান্ত তথ্য
ফোন: 212-213-3370
www.learningleaders.org/resources/links.php

সাক্ষরতা সহায়তা কেন্দ্র
বয়স্ক ও পারিবারিক সাক্ষরতা পরিষেবা ও প্রকাশনা এবং শিশু ও পরিবারের জন্য বিনামূল্যে সাক্ষরতা কর্মসূচি খুঁজতে সহায়তা।
ফোন: 212-803-3300
www.lacnyc.org

পারিবারিক সাক্ষরতা উপকরণ
www.lacnyc.org/resources/familylit/familylit.htm#directory

লিটারেসি হটলাই
বয়স্ক ও তরুণ-তরুণীদের জন্য জিইডি, মৌলিক শিক্ষা, কর্মপ্রস্তুতি, চাকরি প্রশিক্ষণ এবং ইংলিশ অ্যাজ অ্যা সেকেন্ড ল্যাঙ্গুয়েজসহ ফ্রি ক্লাসে সুপারিশ
212-803-3333 (টোল-ফ্রি নম্বর)
দিনে ২৪ ঘণ্টা টোল-ফি নম্বর চালু থাকে

নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অব এডুকেশন
পিতামাতার জন্য নিউ ইয়র্ক সিটির স্কুল সংক্রান্ত তথ্য।
লাইব্রেরি পরিষেবা অফিস:
ফোন: 212-374-0781
http://schools.nyc.gov/Academics/LibraryServices/FamilyResources
ফ্যামেলি এনগেজমেন্ট অ্যান্ড অ্যাডভোকেসি অফিস:
ফোন: 212-374-2323
http://schools.nyc.gov/Offices/OFEA

নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অব ইয়ুথ অ্যান্ড কম্যুনিটি ডেভেলপমেন্ট (ডিওয়াইসিডি সার্ভিসেস)
পিতামাতা ও তাদের সন্তানদের চাহিদা পূরণের জন্য সিটিব্যাপী কর্মসূচি।
ফোন: 800-246-4646
www.nyc.gov/html/dycd/html/reading_writing/reading_writing.shtml

নিউ ইয়র্ক সিটি পাবলিক লাইব্রেরি
(ম্যানহাটান, ব্রংঙএবং স্ট্যাটেন আইল্যান্ড)
পূর্ণাঙ্গ লাইব্রেরি পরিষেবা, সামার রিডিং প্রোগ্রাম, বইয়ের তালিকা, বয়স্কদের ইংলিশ অ্যাজ অ্যা সেকেন্ড ল্যাঙ্গুয়েজ এবং বয়স্ক শিক্ষা কর্মসূচি
ফোন: 212-930-0800
www.nypl.org
kids.nypl.org
teenlink.nypl.org

পার্টনারশিপ ফর আফটার স্কুল এডুকেশন (পিএএসই)
সকল বয়সের তরুণ-তরুণীদের জন্য ১,২০০টিরও বেশি কর্মসূচি এবং আফটার স্কুল কর্মসূচির অবস্থান মানচিত্রে প্রদর্শিত হয়েছে
ফোন: 212-571-2664
www.pasesetter.com
www.cmap.info/netmaps/pase/paseMap.asp

কুইন্স লাইব্রেরি
পূর্ণাঙ্গ লাইব্রেরি পরিষেবা, সামার রিডিং প্রোগ্রাম, বইয়ের তালিকা, বয়স্কদের ইংলিশ অ্যাজ অ্যা সেকেন্ড ল্যাঙ্গুয়েজ এবং বয়স্ক শিক্ষা কর্মসূচি
ফোন: 718-990-0700
www.queenslibrary.org
www.kidslinq.org
www.teenlinq.org

ইউএফটি ডায়াল-এ-টিচার
শিক্ষার্থী ও পিতামাতার জন্য হোমওয়ার্কে সহায়তা
ফোন: 212-777-3380 বিকাল ৪টা-৭টা, সোমবার-বৃহস্পতিবার

স্মরণ রাখবেন, আপনি একা নন।

সাক্ষরতা দক্ষতা অর্জনে আপনার সন্তান যদি তার সহপাঠীদের থেকে পিছিয়ে পড়ে, তাহলে আপনার স্মরণ থাকা ভালো যে তাকে এগিয়ে নিয়ে যেতে সহযোগিতা দিতে কম্যুনিটি আপনার সাথে আছে। নিচে উল্লেখ করা ক্ষেত্রে সহযোগিতা পাওয়া যাবে:

- *স্কুল ছুটি পরবর্তী কর্মসূচি*
- *টিউটরিয়াল পরিষেবা*
- *আপনার কম্যুনিটিতে অবস্থিত লাইব্রেরি ও তরুণ-তরুণীদের জন্য পরিচালিত কর্মসূচি*

আপনার গুরুত্বপূর্ণ সহযোগিতা প্রদানকারীদের একজন হলেন আপনার সন্তানের শিক্ষক। আপনার সন্তানকে শিক্ষিত করে তোলাও শিক্ষকের লক্ষ্য। শিক্ষকের সাথে কথা বলার সময় ঠিক করার জন্য স্কুলে গিয়ে বা ফোনে প্রিন্সিপ্যালের কাছে বা প্যারেন্ট কোঅর্ডিনেটরের কাছে বার্তা রাখুন।

শিক্ষক আপনার জন্য মূল্যবান তথ্যের উৎস। তাকে প্রশ্ন করুন:

- *আপনার সন্তান এ বছর কী শিখবে বলে তার শিক্ষক প্রত্যাশা করেন*
- *আপনার সন্তান কতোটুকু অগ্রগতি লাভ করেছে*
- *আপনার সন্তানের মধ্যে তার শিক্ষকক কতোটুকু সামর্থ ও আগ্রহ দেখতে পেয়েছেন*
- *আপনার সন্তানে কোন্ বিষয়ে আরও অনুশীলন করতে হবে*

শিক্ষকও আপনার কাছ থেকে তথ্য প্রত্যাশা করতে পারেন।

- *আপনার সন্তানের প্রিয় বই, শখ এবং আগ্রহ সম্পর্কে শিক্ষককে বলুন*
- *সন্তানের বাড়িতে কথা বলার ভাষা এবং সাংস্কৃতিক প্রেক্ষাপট সম্পর্কে বলুন*
- *আপনার সন্তানের দুর্বলতা এবং বাড়িতে তার শেখার পদ্ধতি সম্পর্কে আলোচনা করুন*

আপনার সন্তানের স্কুলের অন্যান্য লোকজনও আপনার সন্তানের সাক্ষরতা দক্ষতা উন্নয়নে সহায়তা দিতে আপনার সঙ্গে রয়েছেন:

- *লাইব্রেরিয়ানগণ*
- *প্রিন্সিপ্যালগণ*
- *স্কুল ছুটি পরবর্তী কর্মসূচির সংগঠন ও*
- *প্যারেন্ট কোঅর্ডিনেটরগণ।*

কিছু জাতীয়ভিত্তিক সংগঠন যারা তাদের ওয়েবসাইটের মাধ্যমে সহায়ক তথ্য পরিবেশন করে:

বইয়ের তালিকা

আমেরিকান লাইব্রেরি অ্যাসোসিয়েশন
ছেলেমেয়েদের জন্য বইয়ের তালিকা
www.ala.org/ala/alsc/alscresources/booklists/booklists.htm
কিশোর-কিশোরীদের জন্য বইয়ের তালিকা
www.ala.org/yalsa/booklists

রিডিং রকেট্স্
সকল পর্যায়ের পাঠকদের জন্য বইয়ের তালিকা
www.readingrockets.org/books

পিতামাতাদের জন্য প্রকাশনা

AdLit.org
৪-১২ বছরের ছেলেমেয়েদের জন্য সহায়ক উপকরণ
www.adlit.org

ক্লিয়ারিং হাউসের পঠন বিষয়ক পারিবারিক তথ্য কেন্দ্র
reading.indiana.edu/www/indexfr.html

ইন্টারন্যাশনাল রিডিং অ্যাসোসিয়েশন
ইংরেজি ও স্প্যানিশ ভাষায় তথ্য-উপকরণ
www.reading.org/resources/tools/parent.html

রিডিং ইজ ফান্ডামেন্টাল
পড়ার প্রতি অনুরাগ সৃষ্টিকারী উপকরণ
www.rif.org/parents/

ইউএস ডিপার্টমেন্ট অব এডুকেশন
বিশেষভাবে পিতামাতাদের জন্য
www.ed.gov/parents/landing.jhtml
শিক্ষার্থী সাফল্যের উপকরণ
www.ed.gov/parents/academic/help/tools-for-success/index.html
কোন শিশুই পিছিয়ে থাকবে না: পিতামাতা নির্দেশিকা
www.ed.gov/parents/academic/involve/nclbguide/parentsguide.html

ইংরেজি ভাষা শিক্ষার্থীদের জন্য

¡ColorínColorado!
www.colorincolorado.org

ন্যাশনাল অ্যাসোসিয়েশন ফর বাইলিঙ্গুয়াল এডুকেশন
www.nabe.org/education/index.html

নাশনাল ক্লিয়ারিংহাউস ফর ইংলিশ ল্যাঙ্গুয়েজ অ্যাকুইজিশন
বাইলিঙ্গুয়াল/ইএসএল উপকরণ: লিটারেসি ফর এলইপি স্টুডেন্ট অ্যান্ড দেয়ার ফ্যামেলিজ
www.ncela.gwu.edu/spotlight/1_parents.html

ন্যাশন্যাল সেন্টার ফর ফ্যামেলি লিটারেসি
হিস্প্যানিক ফ্যামেলি লার্নিং ইন্সটিটিউট
www.famlit.org/site/c.gtJWJdMQIsE/b.1697307/k.415C/Hispanic_Family_Learning_Institute.htm

নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অব এডুকেশন
http://schools.nyc.gov/Academics/ELL

বিশেষ চাহিদাযুক্ত শিক্ষার্থীদের জন্য উপকরণ

এলডি অনলাইন
Ldonline.org

রিসোর্সেস ফর চিল্ড্রেন উইথ স্পেশাল নিড্স্ ইন্ক্ ইন নিউ ইয়র্ক সিটি
www.resourcesnyc.org